


হিটেই বাদ বাংলাদেশের দ্রুততম মানব ইমরানুর

৩-এর পাতায় দেখুন


# দৈনিক নেইবার

আমরা সত্য প্রকাশে বিশ্বাসী

THE DAILY NEIGHBOUR


ভারতে করকরোচ আন্দোলন থামতেই সাইবার অভিযানে দিল্লি পুলিশ

২-এর পাতায় দেখুন



রেজি ঃ ডিএ-৬১৭৬ ॥ বর্ষ-১১ ॥ সংখ্যা-২৮ ॥ ঢাকা মঙ্গলবার ২৮ জুলাই ২০২৬ ইং ॥ ১৩ শ্রাবণ ১৪৩৩ বাংলা ॥ ১৩ সফর ১৪৪৮ ॥ পৃষ্ঠা : ৮ ॥ মূল্য- ৫.০০ টাকা

## বীর মুক্তিযোদ্ধা ও শহীদ পরিবারের সম্মানী ভাতা বাড়লো

বীর মুক্তিযোদ্ধা, শহীদ বীর মুক্তিযোদ্ধার পরিবার ও যুদ্ধাহত বীর মুক্তিযোদ্ধাদের মাসিক সম্মানী ভাতা ও বিভিন্ন আর্থিক অনুদানের পরিমাণ বাড়িয়েছে সরকার। মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের বাজেট অধিশাখা থেকে সম্প্রতি জারি করা প্রজ্ঞাপনে এ তথ্য জানানো হয়।

নতুন হার অনুযায়ী, বিভিন্ন শ্রেণির মুক্তিযোদ্ধা ও তাদের পরিবারের জন্য মাসিক সম্মানি ভাতা, উৎসব ভাতা, চিকিৎসা ভাতা, মহান বিজয় দিবস ও বাংলা নববর্ষ উপলক্ষে বিশেষ অনুদান বৃদ্ধি করা হয়েছে। এ সুবিধা ২০২৬ সালের ১ জুলাই থেকে কার্যকর হবে। শহীদ বীর মুক্তিযোদ্ধাদের পরিবারের জন্যও ভাতা ও অনুদানের পরিমাণ উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি করা হয়েছে।

প্রজ্ঞাপনে বলা হয়েছে, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট আইন, ২০১৮-এর ধারা ৩ এবং মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের প্রণীত সংশ্লিষ্ট বিধিমালার আলোকে এ সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। মুক্তিযোদ্ধাদের কল্যাণ নিশ্চিত করা এবং তাদের মর্যাদা ও সামাজিক নিরাপত্তা অধিকতর জোরদার করার লক্ষ্যে সরকার এই ভাতা ও অনুদান বাড়িয়েছে।



# সরকারের ইতিবাচক কাজের পাশাপাশি গঠনমূলক সমালোচনাও তুলে ধরুন: প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী তারেক রহমানের সঙ্গে বৈঠক করেছেন ন্যাশনাল এডিটরস কাউন্সিল-এর নেতারা।

সোমবার (২৭ জুলাই) দুপুরে বাংলাদেশ সচিবালয়ে প্রধানমন্ত্রীর কার্যালয়ে অনুষ্ঠিত এ বৈঠকে প্রধানমন্ত্রী সংবাদপত্রের সম্পাদকদের সরকারের গঠনমূলক সমালোচনার পাশাপাশি ইতিবাচক কর্মকাণ্ডও যথাযথভাবে তুলে ধরার আহ্বান জানান।

তিনি বলেন, সরকারের ভালো উদ্যোগগুলো গণমাধ্যমে যথাযথভাবে তুলে ধরা হলে সাধারণ মানুষ সেসব কার্যক্রম সম্পর্কে আরও ভালোভাবে জানতে পারবেন।

এ সময় প্রধানমন্ত্রী দেশে স্বাধীন গণমাধ্যম ও সাংবাদিকদের জন্য যুগোপযোগী নীতিমালা প্রণয়নের যে উদ্যোগ নেওয়া হয়েছে, তা বাস্তবায়নে সম্পাদকদের সর্বাত্মক সহযোগিতা কামনা করেন।

বৈঠকে আট সদস্যের প্রতিনিধি দলের নেতৃত্ব দেন ন্যাশনাল এডিটরস কাউন্সিলের আহ্বায়ক ও যায়যায়দিন সম্পাদক শফিক রেহমান এবং যুগ্ম আহ্বায়ক ও আমার দেশ সম্পাদক মাহমুদুর রহমান।

প্রতিনিধি দলে আরও উপস্থিত ছিলেন দৈনিক প্রতিদিনের বাংলাদেশ-এর সম্পাদক মারুফ কামাল খান সোহেল, দৈনিক নয়া দিগন্ত-এর সম্পাদক সালাহ উদ্দিন মুহাম্মদ বাবর, যুগান্তর-এর সম্পাদক আবদুল হাই শিকদার, জাতীয় প্রেসক্লাবের সভাপতি হাসান হাফিজ, ওয়াদা-এর সম্পাদক শফিকুল আলম এবং মানবকণ্ঠ-এর সম্পাদক শহিদুল ইসলাম।

## দলীয় সিদ্ধান্ত অনুযায়ী রাষ্ট্রপতি পদে মনোনয়ন: মির্জা ফখরুল



দলীয় সিদ্ধান্ত অনুযায়ী রাষ্ট্রপতি পদে মনোনয়ন দেওয়া হবে বলে জানিয়েছেন স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায়মন্ত্রী এবং বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর।

সোমবার (২৭ জুলাই) রংপুর টার্মিনালস্থ বিআরডিবি'র বিভাগীয় কার্যালয়ের উদ্বোধন শেষে গণমাধ্যমকে মন্ত্রী এ কথা বলেন।

তিনি বলেন, বিএনপিকে যারা ফ্যাসিবাদী বলেন, তাদের হয় জ্ঞানের অভাব রয়েছে, নয়তো তাদের মানসিকতা সেভাবেই গড়ে উঠেছে। বিএনপি একটি গণতান্ত্রিক রাজনৈতিক দল।

আর জামায়াতে ইসলামীর আমিরের বক্তব্যের প্রসঙ্গে তিনি বলেন, তিনি যেন গণতন্ত্র সম্পর্কে আরও ভালোভাবে পড়াশোনা করেন। এরপর কী ব্যবস্থা হবে, তা দেখা যাবে।

জামায়াতে ইসলামী গণতান্ত্রিক দল কি না, সেটি তাদেরই বিবেচনা করা উচিত।

তিনি আরও বলেন, সরকারের মেয়াদ মাত্র চার মাস অতিরিক্ত হয়েছে।

এরই মধ্যে কৃষির (শেষের পাতায় দেখুন)




## সাংবাদিকতা বর্তমানে সবচেয়ে বেশি চ্যালেঞ্জের মুখোমুখি : তথ্যমন্ত্রী

তথ্য ও সম্প্রচারমন্ত্রী জহির উদ্দিন স্বপন এমপি বলেছেন, সাংবাদিকতা পেশা বর্তমানে সবচেয়ে বেশি চ্যালেঞ্জের মুখোমুখি। তথ্যের অবাধ প্রবাহের এই সময়ে বস্তুনিষ্ঠ সংবাদ খুঁজে বের করে জনগণের সামনে তুলে ধরা সাংবাদিকদের জন্য বড় চ্যালেঞ্জ।

সোমবার (২৭ জুলাই) দুপুর ১২টায় বরিশাল সার্কিট হাউজ সম্মেলন কক্ষে বরিশাল বিভাগের সাংবাদিকদের পেশাগত কল্যাণ, নিরাপত্তা এবং বাংলাদেশ সাংবাদিক কল্যাণ ট্রাস্টের কার্যক্রম আরও বেগবান করার লক্ষ্যে অনুষ্ঠিত মতবিনিময় সভায় তিনি এসব কথা বলেন।

এসময় তথ্যমন্ত্রী বলেন, রাষ্ট্র ও সমাজকে প্রতিনিয়ত আয়নার সামনে দাঁড় করায় গণমাধ্যম। তাই দায়িত্বশীল সাংবাদিকতাকে টিকিয়ে রাখা রাষ্ট্র, সমাজ ও মানুষের সম্মিলিত দায়িত্ব।

তথ্যমন্ত্রী আরও বলেন, সাংবাদিকদের পৃষ্ঠপোষকতার জন্য এখনো শক্তিশালী কোনো কাঠামো গড়ে ওঠেনি। অথচ এই পেশার অস্তিত্ব ছাড়া একটি সভ্য সমাজ কল্পনা করা যায় না। বর্তমান সরকারের সময়ে সাংবাদিকরা চাপমুক্ত পরিবেশে কাজ করতে পারছেন। এজন্য সাংবাদিক নেতৃবৃন্দ প্রধানমন্ত্রীর প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেছেন।

সাংবাদিকদের কল্যাণে সরকার সর্বোচ্চ সহযোগিতা করবে উল্লেখ করে মন্ত্রী বলেন, গণমাধ্যমের কল্যাণ মানেই দেশের কল্যাণ। সাংবাদিকদের পেশাগত উন্নয়ন, নিরাপত্তা ও কল্যাণ নিশ্চিত করতে সকলের সম্মিলিত সহযোগিতা প্রয়োজন। সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ সাংবাদিক কল্যাণ ট্রাস্টের ব্যবস্থাপনা পরিচালক মোহাম্মদ আবদুল বাছির, ট্রাস্টি বোর্ডের সদস্য কাওছার হোসেন (শেষের পাতায় দেখুন)

## ২৪ ঘণ্টায় হাম সন্দেহে পাঁচজনের মৃত্যু

গত ২৪ ঘণ্টায় সারাদেশে হাম সন্দেহে পাঁচজনের মৃত্যু হয়েছে। সোমবার (২৬ জুলাই) স্বাস্থ্য অধিদপ্তরের কন্ট্রোলরুম থেকে পাঠানো এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

এতে বলা হয়, গত ২৪ ঘণ্টায় সন্দেহজনক হামরোগীর সংখ্যা ৯৯২ জন এবং গত ১৫ মার্চ থেকে ২৭ জুলাই পর্যন্ত সন্দেহজনক হামরোগীর সংখ্যা এক লক্ষ ২৪ হাজার ৭৪৫ জন।

গত ২৪ ঘণ্টায় নিশ্চিত হামরোগীর সংখ্যা ১১৩ জন, গত ১৫ মার্চ থেকে ২৭ জুলাই পর্যন্ত নিশ্চিত হামরোগীর সংখ্যা ১৫ হাজার ৫৫৫ জন।

গত ১৫ মার্চ থেকে ২৭ জুলাই পর্যন্ত সন্দেহজনক হাম রোগে হাসপাতালে ভর্তি হয়েছেন এক লাখ সাত হাজার ৬৫৪ জন। একই সময়ে সুস্থ হয়ে হাসপাতাল থেকে ছাড়পত্র পেয়েছেন এক লাখ তিন হাজার ৪৬৭ জন।

গত ২৪ ঘণ্টায় হাম সন্দেহে পাঁচ জনের মৃত্যু হয়েছে এবং গত ১৫ মার্চ থেকে ২৭ জুলাই পর্যন্ত (শেষের পাতায় দেখুন)

## রাষ্ট্রপতি নির্বাচন: স্পিকারের সঙ্গে সিইসির সাক্ষাৎ আজ

দেশের ২৩তম রাষ্ট্রপতি নির্বাচন নিয়ে ভারপ্রাপ্ত স্পিকার ব্যারিস্টার কায়সার কামালের সঙ্গে মঙ্গলবার (২৮ জুলাই) আলোচনা করবেন প্রধান নির্বাচন কমিশনার (সিইসি) এএমএম নাসির উদ্দিন।

সোমবার (২৭ জুলাই) ইসি কর্মকর্তারা বিষয়টি জানিয়েছেন।

ইসি সচিব আখতার আহমেদ বলেন, মঙ্গলবার বেলা ১১টায় সংসদ ভবনে ভারপ্রাপ্ত স্পিকারের সঙ্গে সাক্ষাৎ করবে নির্বাচন কমিশন। সেখানে রাষ্ট্রপতি নির্বাচন নিয়ে আলোচনা করবে কমিশন।

এর আগে সংসদ সচিবকে পাঠানো ইসি সচিবের চিঠিতে বলা হয়েছে, সাক্ষাতের সময় প্রধান নির্বাচন কমিশনারের সঙ্গে নির্বাচন কমিশনাররা এবং নির্বাচন কমিশন সচিবালয়ের সিনিয়র সচিব উপস্থিত থাকবেন। এছাড়া নির্বাচন কমিশন সচিবালয়ের উপসচিব মোহাম্মদ মনির হোসেন ও প্রধান নির্বাচন কমিশনারে (সিইসি) একান্ত সচিব মোহাম্মদ আশ্রাফুল আলম সহযোগী কর্মকর্তা হিসেবে স্পিকারের দপ্তরে অবস্থান করবেন।



## জুলাই বিপ্লবের ঘটনাপ্রবাহ ইতিহাসের অংশ হয়ে থাকবে: ফরিদা আখতার

জুলাই গণঅভ্যুত্থানের ঐতিহাসিক ঘটনাপ্রবাহ বাংলাদেশের ইতিহাসে চিরস্মরণীয় হয়ে থাকবে এবং আগামী প্রজন্ম এই ইতিহাস থেকে প্রেরণা নেবে বলে মন্তব্য করেছেন অন্তর্বর্তী সরকারের সাবেক উপদেষ্টা ফরিদা আখতার।

একইসঙ্গে আন্দোলন সফল করতে এবং এর প্রকৃত চিত্র ফুটিয়ে তুলতে গণমাধ্যমকর্মীদের সাহসিকতার ভূয়সী প্রশংসা করেন তিনি।

সোমবার (২৭ জুলাই) দুপুরে ঢাকা রিপোর্টার্স ইউনিটির (ডিআরইউ) শফিকুল কবির মিলনায়তনে আমার (শেষের পাতায় দেখুন)

## জাতীয় সংসদের সাউন্ড সিস্টেম বদলাচ্ছে, উচ্চ পর্যায়ের সভা

জাতীয় সংসদের বিদ্যমান সাউন্ড সিস্টেম প্রতিস্থাপন বিষয়ে একটি উচ্চ পর্যায়ের সভা অনুষ্ঠিত হয়েছে। সোমবার (২৭ জুলাই) জাতীয় সংসদ ভবনের মন্ত্রিপরিষদ সভাকক্ষে এ সভা অনুষ্ঠিত হয়।

এতে সভাপতিত্ব করেন জাতীয় সংসদের ভারপ্রাপ্ত স্পিকার ব্যারিস্টার কায়সার কামাল। সভায় উপস্থিত ছিলেন প্রধানমন্ত্রী ও সংসদ নেতা তারেক রহমান। এছাড়া সভায় অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন, বিরোধীদলীয় নেতা ডা. শফিকুর রহমান, গৃহায়ন ও গণপূর্তমন্ত্রী জাকারিয়া তাহের, আইনমন্ত্রী মো. আসাদুজ্জামান, সরকার দলীয় চিফ হুইপ নুরুল ইসলাম মনি, বিরোধীদলীয় চিফ হুইপ নাহিদ ইসলাম এবং সংশ্লিষ্ট ঊর্ধ্বতন কর্মকর্তারা।

সভায় জাতীয় সংসদের বিদ্যমান সাউন্ড সিস্টেম প্রতিস্থাপনের লক্ষ্যে বিশ্বের আধুনিক প্রযুক্তিনির্ভর বিভিন্ন সাউন্ড সিস্টেম সম্পর্কে একটি বিস্তারিত উপস্থাপনা দেওয়া হয়।

এ সময় গণপূর্ত অধিদপ্তরের পক্ষ (শেষের পাতায় দেখুন)

## আলোচনার সুযোগ দিতেই ইরানে হামলা বন্ধ রেখেছেন ট্রাম্প

আন্তর্জাতিক ডেস্ক

ইরানে টানা দুই রাত হামলা বন্ধ রেখেছেন যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। জাতিসংঘে নিযুক্ত মার্কিন রাষ্ট্রদূত মাইক ওয়াল্টজ জানিয়েছেন, কূটনৈতিক আলোচনার জন্য আরও সময় ও সুযোগ তৈরি করতেই সাময়িকভাবে হামলা বন্ধ রেখেছেন ট্রাম্প।

রোববার ফক্স নিউজকে দেওয়া এক সাক্ষাৎকারে মাইক ওয়াল্টজ বলেন, প্রেসিডেন্ট ট্রাম্প আলোচনার জন্য কিছুটা সময় দিতে চান। এ কারণেই ইরানের ওপর সামরিক অভিযান আপাতত স্থগিত রাখা হয়েছে।

যুক্তরাষ্ট্রের হামলা বন্ধ রাখার প্রেক্ষাপটে প্রতিক্রিয়া জানিয়েছে ইরানও। দেশটির সেনাবাহিনীর একজন মুখপাত্র জানিয়েছেন, তেহরানও এ অঞ্চলে 'প্রতিশোধমূলক' হামলা বন্ধ রেখেছে।

## আইনশৃঙ্খলা পরিস্থিতির উন্নতি না হলে দেশে বিনিয়োগ সম্ভব নয় : স্বরাষ্ট্রমন্ত্রী

দেশে আইনশৃঙ্খলা পরিস্থিতির কাঙ্ক্ষিত উন্নতি না হলে কোনোভাবেই নতুন বিনিয়োগ আকর্ষণ করা সম্ভব নয় বলে মন্তব্য করেছেন স্বরাষ্ট্রমন্ত্রী। তিনি বলেছেন, দেশি-বিদেশি বিনিয়োগের প্রধান শর্তই হলো স্থিতিশীল পরিবেশ ও নিরাপত্তা। এই নিরাপত্তা নিশ্চিত করতে সরকার 'জিরো টলারেন্স' নীতিতে কাজ করছে।

সোমবার (২৭ জুলাই) চট্টগ্রামের আনোয়ারায় চায়নিজ ইকোনমিক অ্যান্ড ইন্ডাস্ট্রিয়াল জোনের (সিইআইজেড) উন্নয়নকাজের আনুষ্ঠানিক উদ্বোধন শেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে স্বরাষ্ট্রমন্ত্রী এসব কথা বলেন।

স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, যে কোনো দেশের টেকসই অর্থনৈতিক প্রবৃদ্ধি এবং শিল্পায়নের মূল ভিত্তি হলো শক্তিশালী আইনশৃঙ্খলা পরিস্থিতি। বিনিয়োগকারীরা তাদের পুঁজি খাটাতে চান নিরাপদ ও অনুকূল পরিবেশে। যদি জানমালের নিরাপত্তা নিয়ে সামান্যতম শঙ্কাও থাকে, তবে বিদেশি বিনিয়োগ (শেষের পাতায় দেখুন)

## শাপলা চত্বর হত্যাযজ্ঞে হাসিনাসহ পলাতকদের বিরুদ্ধে গ্রেপ্তারি পরোয়ানা

রাজধানীর মতিঝিলের শাপলা চত্বরে হেফাজতে ইসলামের সমাবেশে হত্যাযজ্ঞের ঘটনায় জুলাই গণঅভ্যুত্থানে ক্ষমতাচ্যুত সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনাসহ ৪১ জন আসামির বিরুদ্ধে আনুষ্ঠানিক অভিযোগ আমলে নিয়েছেন আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল। একইসঙ্গে এই মামলার পলাতক আসামিদের বিরুদ্ধে গ্রেপ্তারি পরোয়ানা এবং অন্য মামলায় গ্রেপ্তারদের হাজিরের নির্দেশনা দেওয়া হয়েছে।

সোমবার (২৭ জুলাই) আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল-২ এ আদেশ দেন।

এর আগে সকালে শাপলা চত্বরে হেফাজতের সমাবেশে হত্যাযজ্ঞের ঘটনায় ক্ষমতাচ্যুত সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও সাবেক সেনাপ্রধান জেনারেল (অব.) আজিজ আহমেদসহ ৪১ জনের বিরুদ্ধে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালে আনুষ্ঠানিক অভিযোগ দাখিল করা হয়।

প্রসিকিউশনের তথ্য মতে, ২০১৩ সালের ৫ মে



হেফাজতের সমাবেশ ঘিরে ঢাকাসহ চারটি স্থানে ৫৮ জন নিহত হয়েছেন। এর মধ্যে ঢাকায় ৩২, নারায়ণগঞ্জে ২০, চট্টগ্রামে ৫ ও কুমিল্লায় একজন নিহতের পরিচয় শনাক্ত করেছে তদন্ত সংস্থা।

ওই ঘটনা নিয়ে ট্রাইবুনালের চিফ প্রসিকিউটর বরাবর অভিযোগ করেছিলেন (শেষের পাতায় দেখুন)



## পলিথিনের ব্যবহার বন্ধে জনসচেতনতা ও আইনের প্রয়োগ জরুরি

-------------------------------পরিবেশ প্রতিমন্ত্রী

পরিবেশ দূষণ রোধে নিষিদ্ধ পলিথিনের ব্যবহার বন্ধ করতে জনসচেতনতা বৃদ্ধি এবং সংশ্লিষ্ট আইনের কঠোর প্রয়োগের ওপর গুরুত্বারোপ করেছেন পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন প্রতিমন্ত্রী শেখ ফরিদুল ইসলাম।

সোমবার (২৭ জুলাই) রাজধানীর মোহাম্মদপুর কৃষি মার্কেট পরিদর্শনকালে পলিথিনবিরোধী সচেতনতামূলক কার্যক্রমে অংশ নিয়ে পরিবেশ প্রতিমন্ত্রী এ কথা বলেন।

এ সময় তিনি মার্কেটের ব্যবসায়ী, ক্রেতা ও সাধারণ মানুষের সঙ্গে কথা বলেন এবং পলিথিনের পরিবর্তে পরিবেশবান্ধব ব্যাগ ব্যবহারের আহ্বান জানান।

পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের এক প্রেস বিজ্ঞপ্তিতে এতথ্য জানানো হয়।

প্রতিমন্ত্রী বলেন, প্রধানমন্ত্রী একবার ব্যবহার যোগ্য পলিথিন ব্যবহার বন্ধ করতে নির্দেশনা দিয়েছেন। সরকার ইতোমধ্যে পাতলা পলিথিন ব্যবহার নিষিদ্ধ করে আইন করেছে।

এখন আইনের প্রয়োগ নিশ্চিত করতে হবে। আমরা প্রথমে মানুষকে পলিথিন ব্যবহার বন্ধ করতে উদ্বুদ্ধ করছি।

এরপরও যদি পলিথিন ব্যবহার বন্ধ করা না হয়, তবে আমরা কঠোর পদক্ষেপ নিতে বাধ্য হবো।

তিনি আরও বলেন, নিষিদ্ধ পলিথিন মাটি, পানি, বায়ু ও জীববৈচিত্র্যের জন্য মারাত্মক ক্ষতিকর। এটি নগরের জলাবদ্ধতা (শেষের পাতায় দেখুন)

## এসএসসি ও সমমানের পরীক্ষার ফল ১০ আগস্ট

চলতি বছরের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) ও সমমানের পরীক্ষার ফলাফল আগামী ১০ আগস্ট প্রকাশ করা হবে।

সোমবার (২৭ জুলাই) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সচিব মো. আব্দুল খালেক সাংবাদিকদের এ তথ্য জানিয়েছেন।

গত ২০ জুলাই এসএসসি পরীক্ষার ফলাফল প্রকাশের কথা ছিল। কিন্তু ফলাফল প্রস্তুত না হওয়ায় তা প্রকাশ করা যায়নি।

বাংলাদেশ আন্তঃশিক্ষা বোর্ড সভাপতি ও ঢাকা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান সৈয়দ আক্তারুজ্জামান বলেন, ১০ আগস্ট ফলাফল প্রকাশ করা হবে। ফল প্রকাশের প্রক্রিয়া পরবর্তী সময়ে জানানো হবে।

২০ জুলাই এসএসসি পরীক্ষা শেষ হওয়ার ৬০ দিন পূর্ণ হয়েছে। সাধারণত ৬০ দিনের মধ্যে ফলাফল প্রকাশ করা হয়ে থাকে।

সারাদেশে ২০২৬ সালের এসএসসি, দাখিল ও এসএসসি (ভোকেশনাল) পরীক্ষা শুরু হয় ২১ এপ্রিল।

নয়টি সাধারণ শিক্ষা বোর্ড, মাদরাসা এবং কারিগরি শিক্ষা বোর্ডের অধীনে সারাদেশে মোট ১৮ লাখ ৫৭ হাজার ৩৪৪ জন শিক্ষার্থী ছিল। পরিসংখ্যান অনুযায়ী, মোট পরীক্ষার্থীর মধ্যে ছাত্রের সংখ্যা ৯ লাখ ৩০ হাজার ৩০৫ জন এবং ছাত্রীর সংখ্যা ৯ লাখ ২৭ হাজার ৩৯ জন। নয়টি সাধারণ শিক্ষা বোর্ডের অধীনে মোট পরীক্ষার্থীর সংখ্যা ১৪ লাখ ১৮ হাজার ৩৯৮ জন।

## সমুদ্রবন্দরে ৩ ও নদীবন্দরে ১ নম্বর সতর্ক সংকেত

চট্টগ্রাম, কক্সবাজার, মোংলা ও পায়রা সমুদ্র বন্দরসমূহকে তিন নম্বর স্থানীয় সতর্ক সংকেত দেখাতে বলেছে আবহাওয়া অফিস।

গতকাল দেশের সমুদ্র বন্দরসমূহের জন্য জারি করা বিশেষ আবহাওয়ার পূর্বাভাসে এ তথ্য জানানো হয়।

এতে বলা হয়, উত্তর-পশ্চিম বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন উড়িষ্যা-পশ্চিমবঙ্গ উপকূলীয় এলাকায় অবস্থানরত মৌসুমী নিম্নচাপটি ঘণীভূত হয়ে বর্তমানে উত্তর-পশ্চিম বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন পশ্চিমবঙ্গ-উড়িষ্যা উপকূলীয় এলাকায় গভীর নিম্নচাপ আকারে অবস্থান করছে।

এটি আজ সকাল ৬টায় চট্টগ্রাম সমুদ্রবন্দর থেকে ৪২৫ কি.মি. পশ্চিম-দক্ষিণপশ্চিমে, কক্সবাজার সমুদ্রবন্দর থেকে ৪৩০ কি.মি. পশ্চিমে, মোংলা সমুদ্র বন্দর থেকে ২২০ কি.মি. পশ্চিম-দক্ষিণপশ্চিমে ও পায়রা সমুদ্রবন্দর থেকে ২৬০ কি.মি. পশ্চিম-দক্ষিণপশ্চিমে অবস্থান করছিল।




NDF
(Reg. S-9479/09)
Public Media & Human Rights Organization

# দৈনিক নেইবার


আমরা সত্য প্রকাশে বিশ্বাসী

THE DAILY NEIGHBOUR

ঢাকা মঙ্গলবার ২৮ জুলাই ২০২৬ ইং ॥ ১৩ শ্রাবণ ১৪৩৩ বাংলা

আলহাজ্ব কাজী আমেনা আকবর ফাউন্ডেশন
AL-HAJ KAZI AMENA AKBAR FOUNDATION
Public Media & Human Rights Organization


## হাজারো ক্ষুদ্র উদ্যোগ ঝরে যাওয়ার নেপথ্যে




ঋণের অপর্যাপ্ততা, উচ্চ সুদ, করের চাপ, বাজার সংকট ও নীতিগত জটিলতায় অঙ্কুরেই ঝরে যাচ্ছে হাজারো ক্ষুদ্র উদ্যোগ

বাংলাদেশের অর্থনীতির সবচেয়ে বড় কর্মসংস্থান সৃষ্টিকারী খাত ক্ষুদ্র, ছোট ও মাঝারি শিল্প (এসএমই)। স্থানীয় উৎপাদন, নতুন উদ্যোক্তা তৈরি, দারিদ্র্য বিমোচন থেকে শুরু করে রপ্তানি বহুমুখীকরণ সব ক্ষেত্রেই এই খাতের অবদান গুরুত্বপূর্ণ।

অথচ দেশের লাখো ক্ষুদ্র উদ্যোক্তা এখন টিকে থাকার লড়াইয়ে হিমশিম খাচ্ছেন। ব্যবসা শুরু করার কয়েক বছরের মধ্যেই অনেকে মূলধন হারিয়ে প্রতিষ্ঠান বন্ধ করতে বাধ্য হচ্ছেন।

বিশেষজ্ঞরা বলছেন, সাম্প্রতিক অর্থনৈতিক মন্দা পরিস্থিতির সঙ্গে দীর্ঘদিনের কাঠামোগত দুর্বলতা মিলে এসএমই খাতকে চাপে ফেলেছে। উচ্চ মূল্যস্ফীতি, ঋণের সুদ বৃদ্ধি, টাকার অবমূল্যায়ন, আমদানিনির্ভর কাঁচামালের দাম বৃদ্ধি, কর ও প্রশাসনিক জটিলতা, বাজারে বড় প্রতিষ্ঠানের আধিপত্য এবং প্রযুক্তিগত সক্ষমতার ঘাটতিগুলো মিলিয়ে ছোট উদ্যোক্তাদের জন্য ব্যবসা টিকিয়ে রাখা দিন দিন কঠিন হয়ে উঠেছে।

এসএমই ফাউন্ডেশনের তথ্য অনুযায়ী, দেশের জিডিপিতে এ খাতের অবদান প্রায় ৩০ শতাংশ এবং মোট শ্রমশক্তির প্রায় ৮৫ শতাংশের কর্মসংস্থান সৃষ্টি হয়েছে এই খাতেই। যদিও প্রতিবেশী ও প্রতিযোগী দেশগুলোর তুলনায় বাংলাদেশের এসএমই খাতের অবদান এখনও অনেক কম। চীনের জিডিপিতে এসএমইর অবদান প্রায় ৬০ শতাংশ, শ্রীলঙ্কায় ৫২ শতাংশ, জাপানে ৫০ শতাংশ, ভিয়েতনামে ৪৫ শতাংশ, পাকিস্তানে ৪০ শতাংশ এবং ভারতে ৩৭ শতাংশ।

ঋণই সবচেয়ে বড় সংকট

উদ্যোক্তাদের অভিযোগ, ব্যবসা শুরু বা সম্প্রসারণের জন্য প্রয়োজনীয় অর্থায়ন পাওয়া সবচেয়ে বড় চ্যালেঞ্জ। ব্যাংকগুলো অতিরিক্ত জামানত, দীর্ঘ কাগজপত্র এবং কঠোর শর্ত আরোপ করায় নতুন উদ্যোক্তারা সহজে ঋণ পান না। ফলে অনেকেই উচ্চ সুদে অনানুষ্ঠানিক উৎস থেকে টাকা ধার করতে বাধ্য হন।

বিশিষ্ট অর্থনীতিবিদ ও বেসরকারি গবেষণাপ্রতিষ্ঠান পলিসি এক্সচেঞ্জ বাংলাদেশের চেয়ারম্যান এম মাসরুর রিয়াজ বলেন, ক্ষুদ্র উদ্যোক্তাদের ওপর এখন সাম্প্রতিক অর্থনৈতিক সংকট এবং দীর্ঘদিনের কাঠামোগত এ দুই ধরনের সমস্যা কাজ করছে। এছাড়া ২০২২-২৩ সাল থেকে চলমান উচ্চ মূল্যস্ফীতিতে মানুষের ক্রয়ক্ষমতা কমে গেছে। এতে বাজারে চাহিদা কমেছে এবং এর সবচেয়ে বড় আঘাত লেগেছে ক্ষুদ্র উদ্যোক্তাদের ওপর। বড় প্রতিষ্ঠান কিছুদিন লোকসান সামাল দিতে পারলেও ছোট উদ্যোক্তারা তা পারেন না।

তিনি বলেন, টাকার অবমূল্যায়নের কারণে আমদানিনির্ভর কাঁচামালের দাম বেড়েছে। পাশাপাশি উচ্চ সুদের কারণে অর্থায়নের ব্যয়ও বেড়েছে। ফলে ক্ষুদ্র উদ্যোক্তারা দ্বিমুখী চাপে পড়েছেন।

মাশরুর রিয়াজ বলেন, ট্রেড লাইসেন্স, নিবন্ধন, আমদানি-রপ্তানি, কাস্টমস ও কর-সংক্রান্ত জটিলতা ক্ষুদ্র উদ্যোক্তাদের জন্য বড় বাধা।

আবার ব্যাংকগুলো ক্ষুদ্র ব্যবসাকে ঝুঁকিপূর্ণ মনে করায় তারা সহজে অর্থায়নও পায় না। এজন্য মূল্যস্ফীতি নিয়ন্ত্রণে এনে বাজারের চাহিদা ফিরিয়ে আনতে হবে।

একই সঙ্গে ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তাকে আলাদা করে নীতি প্রণয়ন, সহজ নিবন্ধন, কর-অনুবর্তিতা, হয়রানিমুক্ত সেবা এবং বিশেষায়িত অর্থায়নের ব্যবস্থা করতে হবে।

কর ও প্রশাসনিক জটিলতায় বাড়ছে ব্যয়

ক্ষুদ্র উদ্যোক্তাদের অভিযোগ, বড় প্রতিষ্ঠানের মতো একই ধরনের কর ও প্রশাসনিক নিয়ম ছোট ব্যবসার ওপরও প্রয়োগ করা হয়। ট্রেড লাইসেন্স, ভ্যাট নিবন্ধন, আয়কর রিটার্ন, কাস্টমস, আমদানি-?রপ্তানির অনুমতি সব ক্ষেত্রেই দীর্ঘ প্রক্রিয়া ও হয়রানির অভিযোগ রয়েছে।

ভাইপার লেদার, ভাইপার এন্টারপ্রাইজ ও ওমরা জুয়েলার্সের মালিক এস এম মোস্তাফিজুর রহমান বলেন, নতুন উদ্যোক্তাদেরই শুরুতে অর্থের সবচেয়ে বেশি প্রয়োজন হয়। ব্যবসা শুরু করতে বাধ্যতামূলক অফিস দেখিয়ে ট্রেড লাইসেন্স নিতে হয়। অথচ অনেক উদ্যোক্তা ছোট পরিসরে বা বাসা থেকেই ব্যবসা শুরু করেন। তিনি নতুন উদ্যোক্তাদের জন্য এক বা দুই বছরের অস্থায়ী ট্রেড লাইসেন্স চালুর প্রস্তাব দেন।

তিনি বলেন, অনেক উদ্যোক্তা পর্যাপ্ত বাস্তব অভিজ্ঞতা ও দিকনির্দেশনার অভাবে ঝরে পড়েন। প্রশিক্ষণ থাকলেও বাস্তব ব্যবসার অভিজ্ঞতা অর্জনের সুযোগ খুবই সীমিত।

'গুটিপা'র প্রতিষ্ঠাতা তাসলিমা মিজি বলেন, ব্যবসার উৎপাদন, কাঁচামাল সংগ্রহ, বিপণন, বিতরণ প্রতিটি ধাপেই উদ্যোক্তাদের নানামুখী বাধার মুখে পড়তে হয়।

## শাপলা চত্বর হত্যাকাণ্ড ছিল 'জেনোসাইড' : চিফ প্রসিকিউটর

রাজধানীর মতিঝিলের শাপলা চত্বরে ২০১৩ সালের ৫ মে হেফাজতে ইসলামের মহাসমাবেশে সংঘটিত হত্যাকাণ্ডকে 'জেনোসাইড' (গণহত্যা) হিসেবে উল্লেখ করেছেন আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের চিফ প্রসিকিউটর মো. আমিনুল ইসলাম।

তিনি বলেন, হেফাজতে ইসলামকে নির্মূল করার উদ্দেশ্যে তৎকালীন সরকারের পুলিশ, বিজিবি, র‌্যাব, আওয়ামী লীগ, ছাত্রলীগ, যুবলীগ মিলে একটি নারকীয় হত্যাযজ্ঞ চালায়। তবে ঘটনার পর এ নিয়ে করা মামলাটির কোনো তদন্তকাজ চালানো হয়নি। বহু চেষ্টা করা সত্ত্বেও এই হত্যাকাণ্ডের কোনো তদন্ত বা বিচার পায়নি হেফাজতে ইসলাম। অবশেষে এ ঘটনায় মানবতাবিরোধী অপরাধের অভিযোগে ৪১ জনের বিরুদ্ধে আনুষ্ঠানিক অভিযোগ (ফরমাল চার্জ) দাখিল করা হয়েছে।

সোমবার (২৭ জুলাই) দুপুরে নিজ কার্যালয়ের সংবাদ সম্মেলনকক্ষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এসব কথা বলেন।

চিফ প্রসিকিউটর বলেন, আমি ট্রাইব্যুনালের দায়িত্বভার নেওয়ার পর চিফ প্রসিকিউটর হিসেবে শাপলা চত্বরের হত্যাকাণ্ডের

## মালদ্বীপের প্যারেডে বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রীর অংশগ্রহণ

**স্টাফ রিপোর্টার :**



মালদ্বীপের ৬১তম স্বাধীনতা দিবসের প্যারেডে বিশেষ অতিথি হিসেবে অংশ নিয়েছেন বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী খলিলুর রহমান। দেশটির রাজধানী মালেতে রিপাবলিক স্কয়ারে আয়োজিত বর্ণাঢ্য প্যারেডে অংশ নেন তিনি।

সোমবার (২৭ জুলাই) পররাষ্ট্র মন্ত্রণালয় এ তথ্য জানায়।

অনুষ্ঠানে পররাষ্ট্রমন্ত্রী খলিলুর রহমানকে স্বাগত জানান মালদ্বীপের পররাষ্ট্রমন্ত্রী ইরুথিশাম আদম।

স্বাধীনতা দিবস উপলক্ষ্যে আয়োজিত এ প্যারেডে মালদ্বীপ ন্যাশনাল ডিফেন্স ফোর্সের বিভিন্ন শাখার আনুষ্ঠানিক মার্চপাস্ট ও মনোমুগ্ধকর প্রদর্শনী অনুষ্ঠিত হয়। এতে দেশটির শৃঙ্খলা, ঐতিহ্য ও জাতীয় গৌরবের প্রতিফলন ঘটে।

প্যারেড শেষে পররাষ্ট্রমন্ত্রী মালদ্বীপের সমৃদ্ধ সাংস্কৃতিক ঐতিহ্য তুলে ধরা একটি বর্ণাঢ্য সাংস্কৃতিক অনুষ্ঠানে অংশ নেন। পরে জমকালো আতশবাজির মধ্য দিয়ে দেশটির স্বাধীনতা দিবসের আনুষ্ঠানিকতা শেষ হয়।

এর আগে দিনের শুরুতে মালেতে লোনুজিয়ারাই পার্কে মালদ্বীপের প্রেসিডেন্ট মোহাম্মদ মুইজ্জুর উদ্যোগে নেওয়া 'ফাইভ মিলিয়ন ট্রিস প্রজেক্টের' আওতায় একটি ক্রিস্টিনা গাছের চারা রোপণ করেন পররাষ্ট্রমন্ত্রী। এ সময় মালদ্বীপের পররাষ্ট্রমন্ত্রী ইরুথিশাম আদম এবং জলবায়ু পরিবর্তন, পরিবেশ ও জ্বালানি মন্ত্রী আলী শরীফ উপস্থিত ছিলেন।

খলিলুর রহমান প্রেসিডেন্ট মুইজ্জুর সবুজায়ন সম্প্রসারণের উদ্যোগের প্রশংসা করেন এবং বলেন, প্রধানমন্ত্রী তারেক রহমানের নেতৃত্বে বাংলাদেশ সরকার আগামী পাঁচ বছরে ২৫ কোটি গাছ লাগানোর উদ্যোগ বাস্তবায়ন করছে।

তিনি বলেন, দুই দেশের নেতাদের নেওয়া এসব উদ্যোগ পরিবেশের ভারসাম্য রক্ষা, জলবায়ু পরিবর্তন মোকাবিলা এবং ভবিষ্যৎ প্রজন্মের জন্য পৃথিবীকে নিরাপদ রাখার বিষয়ে বাংলাদেশ ও মালদ্বীপের অভিন্ন অঙ্গীকারের প্রতিফলন।

খলিলুর রহমান সৌদি আরবের আরাফাতের ময়দানে প্রয়াত রাষ্ট্রপতি জিয়াউর রহমানের নিম গাছ লাগানোর উদ্যোগের কথাও স্মরণ করেন। বর্তমানে এসব গাছ 'জিয়া ট্রি' নামে পরিচিত।

## ৩০ জুলাই বন্ধ থাকছে না সিএনজি স্টেশন, কর্মসূচি প্রত্যাহার

আগামী ৩০ জুলাই সারাদেশে সিএনজি ফিলিং স্টেশন বন্ধ রাখার পূর্বঘোষিত কর্মসূচি প্রত্যাহার করেছে বাংলাদেশ সিএনজি ফিলিং স্টেশন অ্যান্ড কনভার্শন ওয়ার্কশপ ওনার্স অ্যাসোসিয়েশন। ফলে ওইদিন দেশের সব সিএনজি স্টেশন স্বাভাবিকভাবে খোলা থাকবে। সোমবার (২৭ জুলাই) রাজধানীর বিজয়নগরের আকরাম টাওয়ারে আয়োজিত এক সংবাদ সম্মেলনে সংগঠনটির নেতারা এ ঘোষণা দেন।

বাংলাদেশ সিএনজি ফিলিং স্টেশন অ্যান্ড কনভার্শন ওয়ার্কশপ ওনার্স অ্যাসোসিয়েশনের পরিচালক সৈয়দ সাদাত আহমেদ বলেন, বর্তমান পরিস্থিতি বিবেচনায় আমরা ৩০ জুলাইয়ের কর্মসূচি প্রত্যাহার করেছি। তবে আমরা বিশ্বাস করি, আগামী ২২ আগস্টের মধ্যে সরকার আমাদের দাবি-দাওয়া মেনে নেবে।

## আগামী সপ্তাহে গ্যাস সংকট পরিস্থিতির উন্নতি হবে: জ্বালানি প্রতিমন্ত্রী



আগামী সপ্তাহে গ্যাস সংকট পরিস্থিতির উন্নতি হবে। পুরোপুরি স্বাভাবিক হতে আরও এক সপ্তাহ সময় লাগবে বলে জানিয়েছেন বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ প্রতিমন্ত্রী অনিন্দ্য ইসলাম অমিত।

সোমবার (২৭ জুলাই) সচিবালয়ে নিজ দপ্তরে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে প্রতিমন্ত্রী এ কথা জানান। সরকারের পক্ষ থেকে গ্যাস সংকট পরিস্থিতি উত্তরণে সব প্রচেষ্টা অব্যাহত রয়েছে দাবি করে প্রতিমন্ত্রী বলেন, আমরা জানি বাসা-বাড়িতে মা-বোনেরা, গৃহিণীরা সংসারের রান্নার কাজে প্রতিদিন চ্যালেঞ্জ অনুভব করছেন। ইন্ডাস্ট্রিগুলোর প্রোডাকশন কম্প্রোমাইজড হয়েছে। এই কারণে আমরা আন্তরিকভাবে দুঃখ প্রকাশ করছি জনগণের কাছে। তিনি বলেন, বলতে কোনো দ্বিধা নেই এটা সরকারি কোনো প্রতিষ্ঠানের ত্রুটি নয়। একটা বেসরকারি প্রতিষ্ঠান। কিন্তু, স্টিল তারা দেশের এই সাপ্লাইটা এনসিওর করে। আমরা তাদের সঙ্গে যৌথভাবে কাজ করছি। আমরা এই মুহূর্তে তাৎক্ষণিক সমাধান দিতে পারছি না, এটা আমাদের সীমাবদ্ধতা। আমরা এজন্য বারবার দুঃখপ্রকাশ করছি। কিন্তু, একেবারে ২৪/৭ আমাদের টিম তাদের সঙ্গে একান্তভাবে কাজ করছে। আমরা যেটা বললাম, আশা করছি আগামী সপ্তাহ থেকে পরিস্থিতির উন্নয়ন হবে ইনশাআল্লাহ।

প্রতিমন্ত্রী আরও বলেন, টোটাল সাপ্লাইটা (ত্রুটি দেখা দেওয়া ভাসমান এলএনজি টার্মিনাল বা এফএসআরইউ থেকে) ৫০০-৫৫০ এর মতো, আমরা আশা করছি আগামী সপ্তাহ থেকে ২৮০-৩০০ তারা ন্যাশনাল গ্রিডে, অর্থাৎ ২৮০-৩০০ মিলিয়ন ঘনফুট পার।






## জুলাই ব্যর্থ হলে 'শেখরাজ্য' প্রতিষ্ঠা হতো বাংলাদেশে: মঞ্জু

জুলাই গণঅভ্যুত্থান সফল না হলে দেশের বেশ কয়েকটি টেলিভিশন চ্যানেল ও শীর্ষস্থানীয় সংবাদপত্র বন্ধ করে দেওয়া হতো। বহু সাংবাদিক গুম, কারাবন্দি ও নির্যাতনের শিকার হতেন। শুধু তাই নয়, আনুষ্ঠানিকভাবে হাসিনা পরিবারের 'শেখতন্ত্র' বা 'শেখরাজ্য' প্রতিষ্ঠা করা হতো বলে মন্তব্য করেছেন আমার বাংলাদেশ (এবি) পার্টির চেয়ারম্যান মজিবুর রহমান মঞ্জু। সোমবার (২৭ জুলাই) রাজধানীর সেগুনবাগিচাস্থ ঢাকা রিপোর্টার্স ইউনিটি (ডিআরইউ) মিলনায়তনে 'জুলাই গণঅভ্যুত্থান: গণমাধ্যম কর্মীদের দায়িত্ব, ত্যাগ ও দুঃসাহসিক স্মৃতি' শীর্ষক এবি পার্টি আয়োজিত আলোচনা সভায় দলের যুগ্ম সাধারণ সম্পাদক শাহাদাতুল্লাহ টুটুলের সঞ্চালনায় সভাপতির বক্তব্যে তিনি এসব কথা বলেন।

আলোচনা সভায় আমন্ত্রিত অতিথি হিসেবে বক্তব্য রাখেন অন্তর্বর্তীকালীন সরকারের সাবেক উপদেষ্টা ফরিদা আখতার, দৈনিক আমার দেশ-এর যুগ্ম সম্পাদক এম আবদুল্লাহ, এবি পার্টির সাধারণ সম্পাদক ব্যারিস্টার আসাদুজ্জামান ফুয়াদ, দ্য ডিসেন্ট-এর সম্পাদক কদরুদ্দীন শিশির, সাংবাদিক ও রাজনৈতিক বিশ্লেষক রাজীব আহাম্মদ, এবি পার্টির যুগ্ম সাধারণ সম্পাদক ব্যারিস্টার যোবায়ের আহমেদ ভূঁইয়া, এবিএম খালিদ হাসান ও ব্যারিস্টার নাসরীন সুলতানা মিলী। সমাপনী বক্তব্যে দলের সিনিয়র ভাইস চেয়ারম্যান প্রফেসর ডা. ওহাব মিনার মোবাইল জার্নালিস্টদের জুলাইয়ের সেই দুঃসাহসিক দিনগুলোর অবদানের কথা স্মরণ করিয়ে দেন।

সভার শুরুতে জুলাই গণঅভ্যুত্থানে শহীদ ছয়জন সাংবাদিককে গভীর শ্রদ্ধার সঙ্গে স্মরণ করা হয় এবং তাঁদের আত্মত্যাগের প্রতি সম্মান জানিয়ে এক মিনিট নীরবতা ।

## দলীয় সিদ্ধান্ত অনুযায়ী

*(প্রথম পাতার পর)*

উন্নয়নে ১০ হাজার টাকা পর্যন্ত কৃষিঋণের সুদ মওকুফ করা হয়েছে এবং কৃষিখাতের জন্য বিভিন্ন ঘোষণা দেওয়া হয়েছে।

বিআরডিবি'র বিভাগীয় কার্যালয়ের উদ্বোধন শেষে রংপুর পল্লী মেলা পরিদর্শন করেন মির্জা ফখরুল ইসলাম আলমগীর।

রংপুর শিল্পকলা একাডেমি হলরুমে চেক বিতারণ অনুষ্ঠানে তিনি আরও বলেন, প্রত্যেকটি পরিবারের নারীদের ক্ষমতায়ন করার জন্য আড়াই হাজার করে টাকার কার্ড দেবে সরকার। ইতোমধ্যে সারা দেশে এই কাজ শুরু হয়েছে এবং এই বছর শেষের আগে একচল্লিশ লাখ পরিবারকে ওই ফ্যামিলি কার্ড দেওয়া হবে বলে জানিয়েছেন স্থানীয় সরকার। সেইসঙ্গে কৃষক কার্ড মসজিদের ইমাম, মুয়াজ্জিন, মন্দিরের প্রহরী, গির্জার পাদরি তারা কোনোদিন বেতন পেত না তাদেরও ভাতার আওতায় নিয়ে আসা হয়েছে।

একই সঙ্গে রংপুর, রাজশাহী দুই বিভাগকে কৃষির কেন্দ্র করতে বড় ছোট বিনিয়োগকারী যারা ইনভেস্ট করবে তাদের নিয়ে বিশেষ পণ্য বিক্রয়ের ব্যবস্থা করতে চান মির্জা ফখরুল ইসলাম আলমগীর। সেইসঙ্গে মেলার মধ্যে এ অঞ্চলের মেয়েদের হাতের কাজ করা বিভিন্ন রকম চাদর-কার্পেট, কাঁথার বেডশিট, বেড কাভার এবং বিভিন্ন রকম ফার্নিচার দেখেন তিনি।

এসময় তিনি বলেন, এসব জিনিষের প্রচুর দাম বিদেশে। যদি রপ্তানি করা যায় তাহলে বিদেশ থেকে অনেক বৈদেশিক মুদ্রা নিয়ে আসা সম্ভব। সেইসঙ্গে এ অঞ্চলের ভ্যাগ্যের পরিবর্তন হবে বলেও জানান তিনি।

সবশেষে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রী মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেন, আগের ফ্যাসিস্ট সরকার ১৫ বছরের শাসনে কিছু হয় নাই তাই আমরা কঠিন সময় পার করছি। উন্নয়নের ক্ষেত্রে নিজের কাজ নিজেকে আদায় করতে হবে। আপনারা উদ্যোগ নেন আমরা কাজ করব বলেও জানান তিনি।

## জুলাই বিপ্লবের ঘটনাপ্রবাহ

বাংলাদেশ পার্টি (এবি পার্টি) আয়োজিত 'জুলাই গণঅভ্যুত্থান: গণমাধ্যমকর্মীদের দায়িত্ব, ত্যাগ ও দুঃসাহসিক স্মৃতি' শীর্ষক আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন।

ফরিদা আখতার বলেন, জুলাইয়ের গণঅভ্যুত্থানে গণমাধ্যমের ভূমিকা ও তাদের ত্যাগকে তুলে ধরার এই উদ্যোগ অত্যন্ত প্রশংসনীয়।

আমাদের ক্যালেন্ডারে জুলাই মাস যেন শেষই হচ্ছে না। ৩৬ দিনের সেই জুলাইয়ের বিভিন্ন ঘটনাপ্রবাহ নিয়ে আজ আমরা আলোচনা করছি।

তিনি বলেন, আজ এখানে আসার সময় আমাকে একজন জিজ্ঞেস করেছিলেন, নারীদের কোনো বিষয় না থাকা সত্ত্বেও কেন আমি এই অনুষ্ঠানে যাচ্ছি? আমি মনে করি, জুলাই আন্দোলনে গণমাধ্যম ও সাংবাদিকদের ভূমিকা দেখার ও জানার অধিকার সবার রয়েছে। সাংবাদিকরা যে বীরত্ব ও ত্যাগ স্বীকার করেছেন, তা সত্যিই অতুলনীয়।

জুলাই আন্দোলনের সময় মাঠপর্যায়ের সাংবাদিকদের ছবির অবদানের কথা উল্লেখ করে সাবেক এই উপদেষ্টা বলেন, পঙ্গু হাসপাতালে যখন আহতদের দেখতে গিয়েছিলাম, তখন এক পা হারানো তরুণের মনোবল দেখে অবাক হয়েছি। সেই ছেলেটি আমাকে জানায়, ফেসবুকে যখন সে শহীদ আবু সাঈদের বুক পেতে দেওয়ার ছবি দেখেছিল, তখনই সে তার মাকে বলে আন্দোলনের মাঠে নেমে পড়েছিল। এই ছবি ও ভিডিওগুলো তো আমাদের সাংবাদিকরাই সামনে এনেছেন, যা পুরো জাতিকে জাগিয়ে তুলেছিল।

## সাংবাদিকতা বর্তমানে

খোন্দকার, বাংলাদেশ ফেডারেল সাংবাদিক ইউনিয়নের (বিএফইউজে) প্রচার ও প্রকাশনা সম্পাদক শাহজাহান সাজু এবং বরিশাল জেলা সাংবাদিক ইউনিয়নের সভাপতি আযাদ আলাউদ্দীন। সভায় সভাপতিত্ব করেন বরিশাল বিভাগীয় কমিশনার খলিল আহমেদ।

সভায় বক্তব্য রাখেন দৈনিক ইনকিলাবের বিশেষ প্রতিনিধি নাছিম উল আলম, বরিশাল প্রেস ক্লাবের সাবেক সভাপতি বীর মুক্তিযোদ্ধা নুরুল আলম ফরিদ এবং ঝালকাঠি প্রেস ক্লাবের সভাপতি আক্কাস শিকদার। অনুষ্ঠানের শুরুতে পবিত্র কুরআন তেলাওয়াত করেন দৈনিক বর্তমান-এর ব্যুরো চিফ মো. মামুন-অর-রশিদ। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন জেলা সাংবাদিক ইউনিয়নের সাধারণ সম্পাদক হাফিজুর রহমান হীরা।

মতবিনিময় সভায় বরিশাল বিভাগের সাংবাদিক নেতৃবৃন্দ সাংবাদিকদের পেশাগত নিরাপত্তা, সাংবাদিক কল্যাণ ট্রাস্টের সুবিধা সম্প্রসারণ, চিকিৎসা সহায়তা, আর্থিক অনুদান, দক্ষতা উন্নয়নসহ সাংবাদিকদের বিভিন্ন সমস্যা ও সম্ভাবনা নিয়ে গুরুত্বপূর্ণ মতামত ও সুপারিশ তুলে ধরেন। এসব পরামর্শ বাস্তবায়নযোগ্য উল্লেখ করে পর্যায়ক্রমে বাস্তবায়নের আশ্বাস দেন তথ্য ও সম্প্রচারমন্ত্রী জহির উদ্দিন স্বপন। এরপর বরিশাল, ঝালকাঠী ও পটুয়াখালী জেলার ৩৯ জন সাংবাদিকের মাঝে সাংবাদিক কল্যাণ ট্রাস্টের অনুদানের চেক বিতরণ করা হয়।

## আইনশৃঙ্খলা পরিস্থিতির

তো দূরের কথা, দেশীয় উদ্যোক্তারাও বিনিয়োগে এগোবেন না।

বিশেষ অর্থনৈতিক অঞ্চলের নিরাপত্তার বিষয়ে আশ্বস্ত করে মন্ত্রী আরও বলেন, সিইআইজেডসহ দেশের সবকটি অর্থনৈতিক অঞ্চলের সার্বিক নিরাপত্তায় বিশেষ ব্যবস্থা নেওয়া হয়েছে। শিল্পাঞ্চলের আইনশৃঙ্খলা রক্ষায় ইন্ডাস্ট্রিয়াল পুলিশের পাশাপাশি অন্যান্য আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীও অত্যন্ত তৎপর রয়েছে। কোনো ধরনের অপতৎপরতা বরদাশত করা হবে না।

উন্নয়নকাজের এই উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অর্থ ও পরিকল্পনামন্ত্রী আমির খসরু মাহমুদ চৌধুরী।

অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে আরও উপস্থিত ছিলেনড় বাংলাদেশ চীনা অর্থনৈতিক অঞ্চলের চেয়ারম্যান ওয়াং বেংকিয়ান, চীনা সড়ক এবং সেতু কর্পোরেশনের (সিআরবিসি) ভাইস প্রেসিডেন্ট লি চাংগুই, চীনা রাষ্ট্রদূত এইচ ই ইয়াও ইয়েন, বেজার নির্বাহী চেয়ারম্যান আশিক চৌধুরী, ভূমি ও পার্বত্য বিষয়ক প্রতিমন্ত্রী মীর হেলাল উদ্দিন এবং চট্টগ্রাম-১৩ আসনের সংসদ সদস্য সরওয়ার জামাল নিজামসহ চট্টগ্রামের স্থানীয় সংসদ সদস্যরা।

সংশ্লিষ্টরা মনে করছেন, আনোয়ারার এই বিশেষ অর্থনৈতিক অঞ্চলটি পুরোপুরি চালু হলে দেশে বিপুল পরিমাণ বৈদেশিক বিনিয়োগ আসবে। সেই সঙ্গে স্থানীয় স্তরে লাখো মানুষের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হবে। তবে এই বিপুল সম্ভাবনাকে বাস্তব রূপ দিতে আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক ও স্থিতিশীল রাখার কোনো বিকল্প নেই বলে মনে করছেন বিশেষজ্ঞরা।

## শাপলা চত্বর হত্যাযজ্ঞে

হেফাজত নেতা জুনাইদ আল হাবিব ও মাওলানা মামুনুল হকের পক্ষে করা এই মামলায় শেখ হাসিনা ছাড়া অপর আসামিরা হলেন- তৎকালীন স্বরাষ্ট্রমন্ত্রী ড. মহিউদ্দিন খান আলমগীর, স্বরাষ্ট্র প্রতিমন্ত্রী অ্যাডভোকেট শামসুল হক টুকু, তথ্যমন্ত্রী ও জাসদ সভাপতি হাসানুল হক ইনু, আওয়ামী লীগের সভাপতিমণ্ডলীর সদস্য শেখ ফজলুল করিম সেলিম, খাদ্যমন্ত্রী ড. আব্দুর রাজ্জাক, আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক মাহবুবউল আলম হানিফ। রয়েছেন তৎকালীন তথ্যমন্ত্রী ড. হাছান মাহমুদ, আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক আ ফ ম বাহাউদ্দিন নাছিম, সাবেক মন্ত্রী আব্দুল লতিফ সিদ্দিকী, সাবেক প্রতিমন্ত্রী অ্যাডভোকেট মৃণাল কান্তি দাস, তৎকালীন আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক জাহাঙ্গীর কবির নানক, সাবেক মন্ত্রী ডা. দীপু মনি, সাবেক মন্ত্রী মোফাজ্জল হোসেন চৌধুরী মায়া, তৎকালীন যুবলীগ চেয়ারম্যান ওমর ফারুক চৌধুরী, সাবেক সংসদ সদস্য সালাউদ্দিন মাহমুদ, গণজাগরণ মঞ্চের আহ্বায়ক ও মুখপাত্র ডা. ইমরান এইচ সরকার।

সাংবাদিকদের মধ্যে রয়েছেন, ঘাতক দালাল নির্মূল কমিটির সভাপতি শাহ-রিয়ার কবির, একাত্তর মিডিয়া লিমিটেডের সাবেক ব্যবস্থাপনা পরিচালক মোজাম্মেল হক বাবু এবং সাবেক প্রধান প্রতিবেদক ফারজানা রুপা।

## ২৪ ঘণ্টায় হাম

সন্দেহজনক হামে মোট ৭৩০ জন শিশুর মৃত্যু হয়েছে।

গত ২৪ ঘণ্টায় নিশ্চিত হামে কারও মৃত্যু হয়নি এবং গত ১৫ মার্চ থেকে ২৭ জুলাই পর্যন্ত নিশ্চিত হামে ৯৫ জনের মৃত্যু হয়েছে।

## জাতীয় সংসদের সাউন্ড

থেকে সম্ভাব্য প্রযুক্তিগত বিকল্প, কারিগরি সক্ষমতা এবং বাস্তবায়ন পরিকল্পনা তুলে ধরা হয়।

উপস্থাপনায় আধুনিক সাউন্ড সিস্টেমের প্রযুক্তিগত বৈশিষ্ট্য, কার্যকারিতা এবং জাতীয় সংসদের কার্যক্রমের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ বিভিন্ন দিক নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়।

এ বিষয়ে উপস্থিত অতিথিরা নিজ নিজ মতামত তুলে ধরেন এবং প্রয়োজনীয় দিকনির্দেশনা প্রদান করেন।

## পলিথিনের ব্যবহার বন্ধে

সৃষ্টির অন্যতম কারণ। পলিথিন দূষণ নিয়ন্ত্রণে সরকারি উদ্যোগের পাশাপাশি ব্যবসায়ী, ক্রেতা ও সর্বস্তরের নাগরিকদের দায়িত্বশীল ভূমিকা পালন করতে হবে।

ব্যবসায়ীদের নিষিদ্ধ পলিথিন মজুত, বিক্রি ও সরবরাহ থেকে বিরত থাকার আহ্বান জানিয়ে প্রতিমন্ত্রী বলেন, পলিথিনের বিকল্প হিসেবে পাট, কাপড় ও অন্যান্য পুনর্ব্যবহারযোগ্য পরিবেশবান্ধব ব্যাগের ব্যবহার বাড়াতে হবে। নিয়মিত বাজার পরিদর্শন ও সচেতনতামূলক কার্যক্রমের পাশাপাশি নিষিদ্ধ পলিথিনের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা অব্যাহত থাকবে।

তিনি আরও বলেন, গত ৬ মাসে ১৬৮টি পলিথিনবিরোধী ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করে ২০৬টি মামলা দায়ের করা হয়েছে। এ সময় ১৯ লাখ টাকার বেশি জরিমানা এবং ৫০ হাজার মেট্রিক টনের বেশি পলিথিন জব্দ করা হয়।

পরিদর্শনকালে প্রতিমন্ত্রী ক্রেতা ও বিক্রেতাদের মাঝে পরিবেশবান্ধব বাজারের ব্যাগ বিতরণ করেন। এ সময় অন্যান্যের মধ্যে পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব ড. মো. সাইদুর রহমানসহ মন্ত্রণালয় এবং পরিবেশ অধিদপ্তরের ঊর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

## সরকারের সর্বোচ্চ

উল্লেখ করে তিনি দেশি-বিদেশি বিনিয়োগকারীদের জন্য আরো অনুকূল পরিবেশ তৈরিতে সরকারের অঙ্গীকার পুনর্ব্যক্ত করেন।

তিনি চীনা বিনিয়োগকারীদের বাংলাদেশের পুঁজিবাজারে তালিকাভুক্ত হওয়ার আহ্বান জানান। পাশাপাশি প্রযুক্তি হস্তান্তর, শিল্পায়ন এবং দক্ষ জনশক্তি উন্নয়নে বাংলাদেশ ও চীনের মধ্যে সহযোগিতা আরো জোরদারের ওপর গুরুত্বারোপ করেন।

মন্ত্রী আশা প্রকাশ করেন, বাংলাদেশ-চীন অর্থনৈতিক অঞ্চল দেশের শিল্পায়ন, বৈদেশিক বিনিয়োগ বৃদ্ধি এবং কর্মসংস্থান সৃষ্টির মাধ্যমে টেকসই অর্থনৈতিক প্রবৃদ্ধিতে গুরুত্বপূর্ণ অবদান রাখবে।

## ১৮ মাসের মধ্যে

সভাপতি এসএম সাইফুল আলম, এমএম. ইস্পাহানি লিমিটেডের চেয়ারম্যান মির্জা সালমান ইস্পাহানি প্রমুখ।

চট্টগ্রামের সব সংসদ সদস্য ও চট্টগ্রামবাসীর প্রতি অনুরোধ জানিয়ে আশিক চৌধুরী বলেন, আমাদের চীনা বিনিয়োগকারীরা অতিথি। উনারা বাংলাদেশে এসেছেন একটি আশা করে, বাংলাদেশে উনারা বিনিয়োগ করবেন। বিনিয়োগ করে উনারা অবশ্যই নিজেদের প্রফিটটা নিয়ে যাবেন এবং নিজেদের প্রসপারিটি চিন্তা করবেন। একই সাথে আমাদের দেশে হাজার হাজার মানুষের কর্মসংস্থান হবে। আমার অনুরোধ আপনাদের কাছে যতটা সম্ভব তাদের যতটা সম্ভব সহযোগিতা করবেন। যাতে খুব দ্রুত এ জোনটা দাঁড়িয়ে যায়। এ জোনটা দাঁড়িয়ে গেলে এ এলাকার চেহারা চেঞ্জ হয়ে যেতে একদম সময় লাগবে না। আপনারা সবাই সাহায্য করবেন। আমরা সরকার থেকে যতটুকু সম্ভব যেভাবে সম্ভব উনাদের সহযোগিতা করব। আমাদের একমাত্র লক্ষ্য হচ্ছে, যত দ্রুত সম্ভব এ জোনটা চালু করতে পারি। সেই সাথে চট্টগ্রামের যত মানুষের কর্মসংস্থানের ব্যবস্থা করতে পারি। সবাইকে এ রিকোয়েস্ট রইল।

তিনি বলেন, কোনো সমস্যায় যদি আপনারা পড়েন, উনারা কোনো ধরনের সমস্যায় পড়লে আমারা সবাই মিলে আমাদের প্রধানমন্ত্রী যেভাবে বলেন সবার আগে বাংলাদেশ, আমরা নিজেদের স্বার্থ না দেখে দেশের স্বার্থটা একটু আগে দেখি। আমাদের মাননীয় মন্ত্রী বলেছেন, এ দেশকে এগিয়ে নিতে হলে বিনিয়োগের আসলে কোনো বিকল্প নেই। আমরা একটা সুযোগ পেয়েছি। বিদেশি বিনিয়োগ আসবে বাংলাদেশে। বাংলাদেশ এগিয়ে যাবে। আপনারা সবাই এগিয়ে যাওয়ার পথে সাহায্য করবেন।


সম্পাদক ও প্রকাশক : কাজী জহিরুল ইসলাম (বাবুল) , নির্বাহী সম্পাদক : কাজী জাহিদুল ইসলাম (প্রিন্স), সম্পাদকীয় ও বাণিজ্যিক কার্যালয় : পল্টন চায়না টাউন, স্যুট ৯/৮, লেভেল-৯, পশ্চিম ভবন (৯ম তলা) ৬৮ নয়া পল্টন, ঢাকা-১০০০।
প্রিন্স মিডিয়া লি: কর্তৃক প্রকাশিত এবং শরীয়তপুর প্রিন্টিং প্রেস ২৮/১বি, টয়েনবি সার্কুলার রোড, মতিঝিল ঢাকা থেকে মুদ্রিত। মোবাইল-০১৭১৬-৩৬৬০৬১,০২-২২২২২২৫৯৭৩ ফ্যাক্স: ০২-৪৮৩১৮১৬২ E-mail : dailyneighbour@gmail.com. www.dailyneighbour.com



## মধ্যপ্রাচ্যে প্রতিশোধমূলক হামলা বন্ধের ঘোষণা ইরানের

আন্তর্জাতিক ডেস্ক

দেশগুলোতে প্রতিশোধমূলক হামলা বন্ধের ঘোষণা দিয়েছে ইরান। যুক্তরাষ্ট্র গত দুই রাত ধরে ইরানের ওপর হামলা বন্ধ করার পর গত রোববার ইরানের সেনাবাহিনী এ ঘোষণা দিয়েছে। সেনাবাহিনীর মুখপাত্র মোহাম্মদ আকরামিনিয়া বলেন, "দুই রাত আগে পর্যন্ত এই হামলাগুলো চলছিল, কিন্তু গত দুই রাতে আমেরিকানরা তাদের হামলা বন্ধ করে দিয়েছে। যেহেতু আমাদের কৌশল মূলত প্রতিশোধমূলক, তাই আমরাও আমাদের প্রতিশোধমূলক অভিযান বন্ধ করে দিয়েছি।" যুদ্ধবিরতি চুক্তি লঙ্ঘন করে দুই সপ্তাহ আগে ইরানের ওপর হামলা শুরু করে যুক্তরাষ্ট্র। জবাবে মধ্যপ্রাচ্যে থাকা মার্কিন ঘাঁটিগুলোতে হামলা শুরু করে ইরান। গত শুক্রবার থেকে যুক্তরাষ্ট্র ইরানের ওপর হামলা বন্ধ করে দিয়েছে। হামলার বিরতি সম্পর্কে জানতে চাইলে মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের প্রশাসনের একজন ঊর্ধ্বতন কর্মকর্তা বলেন, ট্রাম্প "সবসময়ই স্পষ্ট করে বলেছেন যেম কূটনীতিই তার পছন্দ, কিন্তু তিনি ইরানকে দেখিয়ে দিয়েছেন, তারা যদি আন্তরিকভাবে আলোচনায় না আসে তাহলে কী ঘটবে।" আলোচনা সম্পর্কে অবগত দুজন ব্যক্তির বরাত দিয়ে গত শনিবার নিউইয়র্ক টাইমস জানিয়েছে, ট্রাম্প আপাতত ইরানের ওপর হামলা বাড়ানোর পরিকল্পনা থেকে সরে আসার সিদ্ধান্ত নিয়েছেন। প্রেসিডেন্ট এবং তার উপদেষ্টারা সংঘাত সম্প্রসারণ, প্রতিরক্ষা মজুদ হ্রাস, মধ্যপ্রাচ্যের উপসাগরীয় মিত্রদের বিচ্ছিন্ন করা এবং জ্বালানি সরবরাহ ও বিশ্ব অর্থনীতিকে প্রভাবিত করা নিয়ে

# পাকিস্তান-নিয়ন্ত্রিত কাশ্মীরে নির্বাচনের আগে কেন এত প্রাণহানি

**১৩ দিন পর**

২০২১ সালের সর্বশেষ আইনসভা নির্বাচনে ইমরান খানের দল পাকিস্তান তেহরিক-ই-ইনসাফ (পিটিআই) নিরঙ্কুশ সংখ্যাগরিষ্ঠতা পেয়েছিল। যদিও ২০২২ সালে পাকিস্তানের পার্লামেন্টে অনাস্থা ভোটে দলটি ক্ষমতাচ্যুত হয়। এর পর থেকে এই অঞ্চলে মাত্র কয়েক বছরের ব্যবধানে চারজন প্রধানমন্ত্রী পরিবর্তন হয়েছে। এবারের নির্বাচনের ফলাফল সম্পর্কে আগে থেকে বলা বেশ কঠিন।

আন্তর্জাতিক ডেস্ক

নাগরিক সমাজের জোট ও বর্তমানে নিষিদ্ধ সংগঠন জয়েন্ট আওয়ামী অ্যাকশন কমিটির (জেএএসি) ডাকা হরতাল ও বিক্ষোভ মিছিলে অংশ নিয়ে স্লোগান দিচ্ছেন বিক্ষোভকারীরা। নীলম উপত্যকা, পাকিস্তানুনিয়ন্ত্রিত কাশ্মীর। ২১ জুন ২০২৬ নাকাশ জারদাদ স্রেফ ভুল সময়ে ভুল জায়গায় ছিলেন। শিক্ষা বিভাগের এই কর্মী পাকিস্তানুনিয়ন্ত্রিত কাশ্মীরের রাওয়ালাকোট এলাকায় নিজের মহিষের খামারে ছিলেন। সে সময় কাছেই পুলিশ ও বিক্ষোভকারীদের মধ্যে ব্যাপক সংঘর্ষ বেধে যায়। খামারের চারপাশের রাস্তা বন্ধ হয়ে যাওয়ায় জারদাদ বাড়ি ফিরতে পারছিলেন না। একপর্যায়ে গোলাগুলি শুরু হয়। লক্ষ্যভ্রষ্ট হয়ে একটি গুলি এসে লাগে ৩০ বছর বয়সী এই তরুণের গায়ে। এতে ঘটনাস্থলেই তাঁর মৃত্যু হয় বলে বিবিসিকে জানিয়েছেন তাঁর চাচা আলতাফ হোসেন।

পাকিস্তানুনিয়ন্ত্রিত কাশ্মীরে আইনসভা নির্বাচনের আগে যে ৪০ জন নিহত হয়েছেন, জারদাদ তাঁদেরই একজন। নিহত ব্যক্তিদের মধ্যে ৩৪ জন ছিলেন বিক্ষোভকারী। বাকি ছয়জন পুলিশ ও আধা সামরিক বাহিনীর সদস্য।

মারাত্মক কিছু সহিংসতার ঘটনা ঘটেছে রাওয়ালাকোটে।

অধিকারকর্মী গোষ্ঠীগুলোর জোট জয়েন্ট আওয়ামী অ্যাকশন কমিটি (জেএএসি) লংমার্চ ও বিক্ষোভের ডাক দিয়েছিল। সমালোচকদের অভিযোগ, এই কর্মসূচিতে অংশ নেওয়া বিক্ষোভকারীদের ওপর নিরাপত্তা বাহিনী মাত্রাতিরিক্ত বলপ্রয়োগ করেছে। কয়েক দশক আগে ভারত-নিয়ন্ত্রিত কাশ্মীর থেকে পাকিস্তানে আসা শরণার্থীদের জন্য স্থানীয় আইনসভায় বরাদ্দ ১২টি আসন বাতিলের দাবিতে জনগণকে প্রতিবাদের আহ্বান জানিয়েছে জেএএসি। এর জবাবে সরকার সন্ত্রাসবিরোধী আইনে জেএএসিকে নিষিদ্ধ করে এবং আন্দোলনকারীদের বিরুদ্ধে কঠোর অভিযান শুরু করে। তবে জেএএসি বলছে, নির্বাচনে অংশ নেওয়ার কোনো ইচ্ছা তাদের নেই।

শরণার্থীদের জন্য আসন সংরক্ষণ নিয়ে বিতর্ক

আইনসভার ৫৩টি আসনের মধ্যে সংরক্ষিত এই ১২ আসন নিয়ে দীর্ঘদিন ধরেই অঞ্চলে বিতর্ক চলে আসছে। এই আইনসভার ৩৩টি আসনে সরাসরি ভোট হয়। আটটি আসন নারী ও অন্যদের জন্য সংরক্ষিত। বাস্তুচ্যুত কাশ্মীরিদের জন্য এই আসনগুলো বরাদ্দের নিয়মটি শুরু হয় ১৯৭০-এর দশকে। ভারতুনিয়ন্ত্রিত কাশ্মীর থেকে যেসব মানুষ পাকিস্তানে এসে বসতি গড়েছিলেন, তাঁদের জন্য এই আইন করা হয়েছিল। আশা ছিল, দীর্ঘদিনের এই বিরোধ মিটে গেলে একদিন তাঁরা নিজ দেশে ফিরতে পারবেন। ভূখণ্ডের শাসনব্যবস্থায় যেন তাঁদের কথা বলার সুযোগ থাকে, তা নিশ্চিত করতেই এই আইন করা হয়েছিল। কিন্তু যাঁদের জন্য আসনগুলো সংরক্ষিত রাখা হয়েছে, তাঁদের অনেকেই আসলে পাকিস্তানুনিয়ন্ত্রিত কাশ্মীরে থাকেন না। এর মানে হলো, স্থানীয় বাসিন্দারা চাইলেও এই আসনগুলোতে নির্বাচন করতে পারেন না। ২০২১ সালের সর্বশেষ আইনসভা নির্বাচনে ইমরান খানের দল পাকিস্তান তেহরিক-ই-ইনসাফ (পিটিআই) নিরঙ্কুশ সংখ্যাগরিষ্ঠতা পেয়েছিল। যদিও ২০২২ সালে পাকিস্তানের পার্লামেন্টে অনাস্থা ভোটে দলটি ক্ষমতাচ্যুত হয়। এর পর থেকে এই অঞ্চলে মাত্র কয়েক বছরের ব্যবধানে চারজন প্রধানমন্ত্রী পরিবর্তন হয়েছে। এবারের নির্বাচনের ফলাফল সম্পর্কে আগে থেকে বলা বেশ কঠিন।জেএএসি এই সংরক্ষিত আসন বাতিলের দাবি জানিয়েছে। তাদের যুক্তি হলো, এর ফলে স্থানীয় মানুষের প্রতিনিধিত্ব ক্ষুণ্ন হচ্ছে। আইনসভার সব আসন কেবল ওই অঞ্চলে বসবাসকারীদের জন্যই হওয়া উচিত। তবে কর্তৃপক্ষ বলছে, আসন সংরক্ষণ করা অত্যাবশ্যক। তারা দৃঢ়তার সঙ্গে জানিয়েছে, নির্বাচন চলবেই। তবে এটি হবে তিন ধাপে, যার প্রথম ধাপ শুরু হবে ২৭ জুলাই। ২০২১ সালের সর্বশেষ আইনসভা নির্বাচনে ইমরান খানের দল পাকিস্তান তেহরিক-ই-ইনসাফ (পিটিআই) নিরঙ্কুশ সংখ্যাগরিষ্ঠতা পেয়েছিল। যদিও ২০২২ সালে পাকিস্তানের পার্লামেন্টে অনাস্থা ভোটে দলটি ক্ষমতাচ্যুত হয়। এর পর থেকে এই অঞ্চলে মাত্র কয়েক বছরের ব্যবধানে চারজন প্রধানমন্ত্রী পরিবর্তন হয়েছে। এবারের নির্বাচনের ফলাফল সম্পর্কে আগে থেকে বলা বেশ কঠিন। উল্লেখ্য, পাকিস্তানে আজাদ জম্মুকাশ্মীর (এজেকে) হিসেবে পরিচিত এই অঞ্চলের সরকারপ্রধান প্রধানমন্ত্রী আর রাষ্ট্রপ্রধান প্রেসিডেন্ট পদবি ব্যবহার করেন।

ঘরোয়া সমাবেশ ও প্রকাশ্যে সহিংসতা

নির্বাচনের আগে বিবিসির সাংবাদিকেরা প্রাদেশিক রাজধানী মুজাফফরাবাদ ঘুরে দেখেছেন। সেখানে সর্বত্র উত্তেজনা ও ভয়ের স্পষ্ট পরিবেশ বিরাজ করছে। বেশির ভাগ মানুষই নির্বাচন নিয়ে কোনো কথা বলতে রাজি হননি। কারও কারও মনে ভয় ছিল, নির্বাচন বা নির্দিষ্ট কোনো প্রার্থীর পক্ষে কথা বললে জেএএসি তাঁদের 'বিশ্বাসঘাতক' বা 'দালাল' তকমা দিতে পারে। অন্যদিকে যাঁরা জেএএসিকে সমর্থন করেন, তাঁরা আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী ও গোয়েন্দা কর্মকর্তাদের হাতে হয়রানির শিকার হওয়ার ভয়ে ছিলেন। এর মধ্যে সহিংসতার ঘটনাও ঘটেছে। প্রার্থীদের গাড়ি ও অন্যান্য সম্পত্তিতে আগুন দেওয়া হয়েছে। এমনকি কোনো কোনো প্রার্থীর ওপর হামলাও হয়েছে। এসব ঘটনার জন্য জেএএসিকে দায়ী করা হয়েছে। এর ফলে প্রার্থীরা খুব নীরবে ও সীমিত পরিসরে প্রচার চালিয়েছেন। রাজনৈতিক সমাবেশগুলো ঘরোয়া বা রাস্তার মোড়ে সীমাবদ্ধ হয়ে পড়েছে। বর্তমান পরিস্থিতি নিয়ে অনেকেই মন্তব্য করতে চাননি। পাকিস্তানের ক্ষমতাসীন দল পাকিস্তান মুসলিম লিগ-নওয়াজের (পিএমএল-এন) একমাত্র নারী প্রার্থী নরিন আরিফ বিবিসিকে বলেন, জেএএসির বিক্ষোভের কারণে তিনি জনসমাবেশের বদলে মানুষের বাড়ি বাড়ি গিয়ে রাজনৈতিক বৈঠক করার সিদ্ধান্ত নিয়েছেন। পাকিস্তানুনিয়ন্ত্রিত কাশ্মীরে আসন্ন নির্বাচনকে কেন্দ্র করে সহিংসতায় অন্তত ৪০ জন নিহত হয়েছেন, যাঁদের বেশির ভাগই বিক্ষোভকারী

বিরোধী দল পাকিস্তান পিপলস পার্টির (পিপিপি) নেতা সরদার মুখতার খান বলেন, তরুণদের কাছে জেএএসির বিক্ষোভ ভীষণ জনপ্রিয় হয়ে উঠেছে। এ কারণে 'সীমিত পরিসরে প্রচার' চালানো ছাড়া তাঁরও আর কোনো উপায় ছিল না।



আমির মুকাম বিবিসিকে বলেন, 'জনগণ যাঁকে ভোট দেবে, তাঁরই ক্ষমতায় আসা উচিত এবং তাদের ভবিষ্যৎ ও নিয়তি নিয়ে সিদ্ধান্ত নেওয়া উচিত। এই ক্ষমতা কেবল কয়েক শ বা কয়েক হাজার মানুষের হাতে থাকা উচিত নয়; কাশ্মীরে বসবাসকারী লাখ লাখ মানুষেরই সিদ্ধান্ত নেওয়া উচিত তাঁরা কাকে ক্ষমতায় আনতে চান।'

## ভারতে ককরোচ আন্দোলন থামতেই সাইবার অভিযানে দিল্লি পুলিশ

আন্তর্জাতিক ডেস্ক

ভারতে ককরোচ জনতা পার্টির (সিজেপি) নেতৃত্বে চলা ছাত্র আন্দোলনের সময় প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির বিরুদ্ধে কথিত অশালীন ও আপত্তিকর ভাষা ব্যবহার করা সামাজিক যোগাযোগমাধ্যম পোস্টগুলোর বিরুদ্ধে দিল্লি পুলিশ কঠোর ব্যবস্থা নেওয়া শুরু করেছে। পুলিশের পক্ষ থেকে কয়েকটি প্ল্যাটফর্মকে নোটিশ পাঠানো হয়েছে এবং চিহ্নিত করা বেশিরভাগ ভিডিও, মন্তব্য ও পোস্ট ইতোমধ্যেই সরিয়ে ফেলা হয়েছে। সাইবার পুলিশের একটি বিশেষ দল নিয়মিত অনলাইন



**দিল্লির কন্সটিটিউশন ক্লাবে এক সংবাদ সম্মেলনে সিজেপির প্রধান মুখপাত্র সৌরভ দাস বলেন, "ককরোচ জনতা পার্টি ঘোষণা করছে যে, সম্মত হওয়া শর্তাবলি নির্দিষ্ট সময়ের মধ্যে বাস্তবায়িত হবে- এই বিশ্বাসের ওপর ভিত্তি করে আমরা আমাদের আন্দোলন প্রত্যাহার করে নিচ্ছি।"**

কনটেন্ট পর্যবেক্ষণ করছে, নতুন কোনো আপত্তিকর পোস্ট দেখা মাত্রই প্ল্যাটফর্মগুলোকে দ্রুত ব্যবস্থা নিতে বলছে। গতকাল সোমবার এক প্রতিবেদনে এ তথ্য জানিয়েছে ভারতীয় সংবাদমাধ্যম এনডিটিভি। প্রতিবেদনে বলা হয়, শিক্ষার্থীদের দীর্ঘ এক মাসেরও বেশি সময় ধরে চলা আন্দোলনের ইতি টানার পরদিনই পুলিশের এই সাইবার অভিযানের বিষয়টি সামনে এলো। কেন্দ্রীয় শিক্ষামন্ত্রী ধর্মেন্দ্র প্রধানের পদত্যাগ এবং সরকার আন্দোলনকারীদের অন্যান্য প্রধান দুটি দাবি মেনে নেওয়ার পর গত শনিবার আনুষ্ঠানিকভাবে আন্দোলন প্রত্যাহারের ঘোষণা দেয় কাকরোচ জনতা পার্টি (সিজেপি)। শিক্ষামন্ত্রী পদত্যাগ করার পরপরই অভিজিৎ দীপকের নেতৃত্বাধীন সিজেপি তাদের দাবির তালিকায় নতুন দাবি যুক্ত করেছিল। এর মধ্যে ছিল আত্মহত্যা করা নিট পরীক্ষার্থীদের পরিবারকে ১ কোটি টাকা করে ক্ষতিপূরণ প্রদান, আন্দোলনকারী শিক্ষার্থীদের বিরুদ্ধে কোনো ব্যবস্থা না নেওয়া এবং র‍্যাপিড অ্যাকশন ফোর্স ও পুলিশের পক্ষ থেকে প্রকাশ্যে ক্ষমা প্রার্থনা। দিল্লির কন্সটিটিউশন ক্লাবে এক সংবাদ সম্মেলনে সিজেপির প্রধান মুখপাত্র সৌরভ দাস বলেন, "ককরোচ জনতা পার্টি ঘোষণা করছে যে, সম্মত হওয়া শর্তাবলি নির্দিষ্ট সময়ের মধ্যে বাস্তবায়িত হবে- এই বিশ্বাসের ওপর ভিত্তি করে আমরা আমাদের আন্দোলন প্রত্যাহার করে নিচ্ছি।" সিজেপি জানায়, কেন্দ্রীয় সরকার আত্মহত্যা করা নিট পরীক্ষার্থীদের পরিবারকে ক্ষতিপূরণ দিতে সম্মত হয়েছে এবং ভারতের যেকোনো স্থানে বিক্ষোভকারীদের বিরুদ্ধে দায়ের করা এফআইআর প্রত্যাহার করার প্রতিশ্রুতি দিয়েছে। সরকার কি সব এফআইআর নাকি কেবল শান্তিপূর্ণ আন্দোলনকারীদের বিরুদ্ধে দায়ের করা এফআইআর প্রত্যাহার করতে রাজি হয়েছে- এমন প্রশ্নের জবাবে সিজেপির আরেকজন মুখপাত্র রাঙ্কা এনডিটিভিকে বলেন, "আমি নিশ্চিত যে আমরা গুরুতর অপরাধী এবং শান্তিপূর্ণ আন্দোলনকারীদের মধ্যে পার্থক্য করতে



## যুক্তরাষ্ট্রের সিয়াটল সেন্টারে গুলিতে ২ জন নিহত

আন্তর্জাতিক ডেস্ক

যুক্তরাষ্ট্রের ওয়াশিংটন অঙ্গরাজ্যের ঐতিহ্যবাহী সিয়াটল সেন্টারে ভয়াবহ গোলাগুলির ঘটনা ঘটেছে। এতে দুই ব্যক্তি নিহত হয়েছেন। এছাড়া দুই বছরের এক শিশুসহ অন্তত পাঁচজন মারাত্মকভাবে আহত হয়েছেন। গতকাল সোমবার ওয়াশিংটনের স্থানীয় সংবাদমাধ্যম কেওএমও নিউজ এই তথ্য জানিয়েছে। খবর আনাদোলুর। সিয়াটল পুলিশ ডিপার্টমেন্ট সামাজিক যোগাযোগমাধ্যম 'এক্স'-এ এক বিবৃতিতে জানিয়েছে, একাধিক ব্যক্তি হতাহতের এই ঘটনায় একটি তদন্ত শুরু করা হয়েছে। পরিস্থিতি নিয়ন্ত্রণে না আসা পর্যন্ত সর্বসাধারণকে ঘটনাস্থল এবং এর আশপাশের এলাকা এড়িয়ে চলার আহ্বান জানিয়েছে পুলিশ। এখন পর্যন্ত নিহত ও আহতদের পরিচয় প্রকাশ করেনি কর্তৃপক্ষ। এছাড়া ঘটনায় জড়িত কোনো হামলাকারী বা সন্দেহভাজনকে আটক করা সম্ভব হয়েছে কি না- তাও তাৎক্ষণিকভাবে নিশ্চিত করা হয়নি। এদিকে সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়া কিছু ভিডিও ফুটেজে দেখা গেছে, পুলিশ ঘটনাস্থল থেকে এক ব্যক্তিকে সরিয়ে নিয়ে যাচ্ছে।

# ফ্রান্স ও স্পেনে ভয়াবহ দাবানল

**দ|ক্ষি|ণ|আ|ফ্রি|কা**

৩ লাখের বেশি মানুষ বাস্তুচ্যুত আগুন বর্তমানে শহর থেকে মাত্র ১৫ কিলোমিটার দূরে অবস্থান করছে।

আন্তর্জাতিক ডেস্ক

ইউরোপজুড়ে তীব্র তাপপ্রবাহ ও শুষ্ক আবহাওয়ার মধ্যে ফ্রান্স ও স্পেনে ভয়াবহ দাবানল ছড়িয়ে পড়েছে। আগুন নিয়ন্ত্রণে আনতে হিমশিম খাচ্ছে দমকল বাহিনী। ফ্রান্সে দক্ষিণ-পশ্চিমাঞ্চলীয় ঐতিহাসিক শহর বোর্দোর দিকে দ্রুত আগুন ধেয়ে আসতে থাকায় ফরাসি প্রেসিডেন্ট ইমানুয়েল ম্যাঁখো গতকাল সোমবার এক জরুরি মন্ত্রিসভা বৈঠক আহ্বান করেছেন। খবর বিবিসির। ব্রিটিশ সংবাদমাধ্যমটির প্রতিবেদনে বলা হয়, গত এক সপ্তাহ ধরে ফ্রান্স ও স্পেনে দাবানল তাণ্ডব চালাচ্ছে। এই দুই দেশে এখন পর্যন্ত ৩ লাখ ৩০ হাজারের বেশি মানুষকে নিরাপদ স্থানে সরিয়ে নেওয়া হয়েছে। গতকাল সোমবার বোর্দোর মেয়র থমাস কাজেনাভ জানান, আগুন বর্তমানে শহর থেকে মাত্র ১৫ কিলোমিটার দূরে অবস্থান করছে। আগামী তাপপ্রবাহের পূর্বাভাস এই বিশাল আগুন মোকাবিলার প্রচেষ্টাকে আরো জটিল করে তুলতে পারে। এর আগে তিনি জানিয়েছিলেন, শহরের প্রায় ৮ লাখ ৫০ হাজার নাগরিককে অন্যত্র সরিয়ে নেওয়ার কোনো পরিকল্পনা আপাতত নেই। বোর্দোর আশেপাশের অঞ্চল থেকে ইতিমধ্যে হাজার হাজার মানুষকে সরিয়ে নেওয়া হয়েছে। ফ্রান্সের স্বরাষ্ট্রমন্ত্রী লরেন্ট নুনেজ জানান, আগুন খুব অনিয়মিত ও অনিশ্চিতভাবে শহরের দিকে এগোচ্ছে। ফ্রান্সের আবহাওয়ার পূর্বাভাসে সতর্ক করে বলা হয়েছে, আজ মঙ্গলবার থেকে কিছু এলাকায় তাপমাত্রা বেড়ে ৪০ ডিগ্রি সেলসিয়াসে পৌঁছাতে পারে। ফায়ার সার্ভিসের মুখপাত্র এরিক ব্রোকার্ডি বলেন, "আগুন কীভাবে ছড়াবে তা আমরা নিশ্চিত নই, কারণ এর সামনের অংশ প্রতিনিয়ত দিক পরিবর্তন করছে। আমরা সরাসরি এর বিরুদ্ধে লড়াই করতে পারছি না।" তিনি পরিস্থিতিটিকে 'ডেভিড বনাম গোলিয়াথের মতো অসম লড়াই' হিসেবে বর্ণনা করেন। তার মতে, এই আগুন নিয়ন্ত্রণে আনতে হলে হয় 'টানা তিন দিন মুষলধারে বৃষ্টি' হতে হবে, অথবা ফায়ার সার্ভিসকে কৌশলে আগুনটিকে এমন স্থানে নিয়ে যেতে হবে যেখানে তা স্বয়ংক্রিয়ভাবে নিভে যাবে, যেমন- সমুদ্রের দিকে। এই দাবানলে ফ্রান্স মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে। দেশটির দক্ষিণ-পশ্চিমাঞ্চলের প্রায় ৪২ হাজার হেক্টর জমি পুড়ে গেছে। আর চলতি বছরের শুরু থেকে এ পর্যন্ত প্রায় ৯৮ হাজার হেক্টর বনভূমি পুড়ে ছাই হয়ে গেছে। ফ্রান্সের দক্ষিণ-পশ্চিমাঞ্চল থেকেই কেবল ২ লাখ ২০ হাজারের বেশি মানুষকে নিরাপদ স্থানে সরিয়ে নেওয়া হয়েছে। এদিকে, স্পেনের পরিস্থিতিও দিন দিন অবনতি হচ্ছে। গত রোবব-ার দেশটির পূর্বাঞ্চলীয় উপকূলীয় শহর ভ্যালেন্সিয়ার কাছে একটি নতুন দাবানল ছড়িয়ে

স্পোর্টস

# আজ আনুষ্ঠানিক ভাবে ফ্রান্সের কোচ হচ্ছেন জিদান

বছর পাঁচেক কোচিংয়ের বাইরে থাকার পর অবশেষে নিজের স্বপ্ন পূরণ করতে যাচ্ছেন জিনেদিন জিদান। ইতিহাসের অন্যতম সফল এই কোচ ফ্রান্স জাতীয় দলের নতুন প্রধান কোচ হিসেবে দায়িত্ব নিতে যাচ্ছেন। আজ মঙ্গলবার তাকে আনুষ্ঠানিকভাবে কোচ হিসেবে পরিচয় করিয়ে দেবে ফরাসি ফুটবল ফেডারেশন (এফএফএফ)। ফ্রান্স দলের কোচ হিসেবে দিদিয়ের দেশমের ১৪ বছরের অধ্যায়ের সমাপ্তির পর নতুন কোচের নাম ঘোষণা করতে কয়েক দিন আগেই সংবাদ সম্মেলনের ঘোষণা দেয় এফএফএফ। বিশ্বকাপে স্পেনের কাছে সেমিফাইনাল এবং ইংল্যান্ডের বিপক্ষে তৃতীয় স্থান নির্ধারণী ম্যাচে হেরে বিদায় নিলেও দেশমের অবদান ফরাসি ফুটবলে স্মরণীয় হয়ে থাকবে। টানা তৃতীয়বারের মতো বিশ্বকাপ সেমিফাইনালে ওঠার পর নতুন যুগের পথে হাঁটছে ফ্রান্স। আর সেই দায়িত্বই কাঁধে নিচ্ছেন জিদান।





রাজশাহীকে হারিয়ে রংপুরের মেয়েদের উল্লাস

# লিটন-নাহিদের এই অবস্থা কেন

আন্তর্জাতিক ডেস্ক:

লিটন দাস ও নাহিদ রানাপ্রথম আলোঅস্ট্রেলিয়া বরাবরই কাঙ্ক্ষিত এক টেস্ট গন্তব্য। একজন ফাস্ট বোলার সব সময়ই চাইবেন অস্ট্রেলিয়ার কন্ডিশনে নিজের গতিবাউন্সমুভমেন্টের সর্বোচ্চ প্রদর্শনী দেখাতে। একজন ব্যাটসম্যানেরও প্রত্যাশা থাকে, যদি ওই কন্ডিশনে নিজের ব্যাটিং সামর্থ্যের সর্বোচ্চ জানান দেওয়া যায়! মোটকথা, অস্ট্রেলিয়ার মাটিতে থাকা টেস্ট ক্রিকেটের সুঘ্রাণ নেওয়াটা ক্রিকেটার মাত্রেরই চাওয়া। বহু বছর পর, নির্দিষ্ট করে বললে সময়টা ২৩ বছর, বাংলাদেশ দল অস্ট্রেলিয়ায় যাচ্ছে দুই টেস্টের সিরিজ খেলার জন্য। মাঝে বাংলাদেশে ক্রিকেটারদের একটা প্রজন্মই চলে গেছে, যারা কখনো অস্ট্রেলিয়ায় টেস্ট খেলেনি। সাকিব আল হাসান, তামিম ইকবাল, মাহমুদউল্লাহর মতো ক্রিকেটারদের কখনো অস্ট্রেলিয়ার মাটিতে টেস্ট খেলা হয়নিড়বিস্ময়কর না! টেস্ট ক্রিকেটটা এখনো চালিয়ে যাওয়ায় ওই প্রজন্মের একমাত্র প্রতিনিধি হিসেবে অবশ্য মুশফিকুর রহিমের সামনে এবার সুযোগটা থাকছে। কিন্তু চোটের কারণে বহুল প্রতীক্ষিত এই সিরিজেই আবার বাংলাদেশ পাচ্ছে না দলের সেরা পেস বোলার নাহিদ রানাকে। ব্যাটিংয়ে প্রত্যাশাটা যাঁর কাছে সব সময় বেশি থাকে, সেই লিটন দাসেরও খেলা হবে না ডারউইনের প্রথম টেস্টে। হ্যামস্ট্রিংয়ের চোটে এই টেস্টে খেলা হবে না পেসার শরীফুল ইসলামেরও। পুরোপুরি চোটমুক্ত হলে ম্যাকাইয়ের দ্বিতীয় টেস্টের বিবেচনায় থাকবেন এই দুজন। তিনজনের পথেই বাধা হয়ে দাঁড়িয়েছে চোট। লিটন আর নাহিদের চোট তো বিতর্কেরও সৃষ্টি করেছে। গতকাল ঘোষিত প্রথম টেস্টের দল নিয়ে করা সংবাদ সম্মেলনে আজ এ নিয়ে প্রশ্নের মুখেও পড়েছেন প্রধান নির্বাচক হাবিবুল বাশার। লিটন, নাহিদের চোট ব্যবস্থাপনা নিয়ে অভিযোগের আঙুল উঠেছে বিসিবির মেডিক্যাল বিভাগের দিকেও।

লিটন, নাহিদের কার কী চোট

জিম্বাবুয়ে সফরের শেষ টিটুয়েন্টিতে সাইড স্ট্রেইনে (পাঁজরের বাঁ পাশে) পড়েন পেসার নাহিদ। অস্ট্রেলিয়া সিরিজের আগে সুস্থ হওয়ার সম্ভাবনা নেই বলে কোনো টেস্টেই খেলা হবে না তাঁর। পুরোপুরি খেলার মতো অবস্থায় আসতে নাহিদের দেড় থেকে দুই মাস সময় লাগবে বলে জানিয়েছে বিসিবি। গত ১৪ জুন অস্ট্রেলিয়ার বিপক্ষে হোম সিরিজের তৃতীয় ওয়ানডেতে ব্যাটিংয়ের সময় বাঁ পায়ের মাংসপেশিতে (কাফ মাসল) চোট পান লিটন। বর্তমানে সিঙ্গাপুরে বিশেষজ্ঞ চিকিৎসকের অধীনে তাঁর পিআরপি (প্লাটিলেট-রিচ প্লাজমা থেরাপি, রোগীর নিজের রক্তের প্লাজমা ব্যবহার করে করা চিকিৎসা) চিকিৎসা চলছে। চিকিৎসা ও পুনর্বাসন শেষে ১৩ আগস্ট লিটনের ফিটনেস টেস্ট হওয়ার কথা। জিম্বাবুয়ে সফরের একমাত্র টেস্টে খেলেননি নাহিদ। ওয়ানডে সিরিজে দুটি ম্যাচ খেলেছেন, টিটুয়েন্টিও খেলেছেন প্রথম দুটি। নাহিদকে নিয়ে প্রশ্নড়ওয়ানডেতে নাহয় র‍্যাঙ্কিংয়ের একটা বিষয়

নতুন কুঁড়ি স্পোর্টস

# ফুটবলে সেরা সিলেট ও রংপুর

ফাইনালে রাজশাহীকে ৪-০ গোলে হারিয়ে সেরা হয়েছে রংপুরের মেয়েরা।

ক্রীড়া প্রতিবেদক

নতুন কুঁড়ি ২০২৫-২০২৬-এর সমাপনী দিনে অনুষ্ঠিত হয়েছে ফুটবলের দুটি ফাইনাল। আর্মি স্টেডিয়ামে ছেলেদের ফাইনালে আরমান খান জিসানের শেষ মুহূর্তের গোলে সিলেট হারিয়েছে ময়মনসিংহকে। আর একপেশে ফাইনালে রাজশাহীকে ৪-০ গোলে হারিয়ে সেরা হয়েছে রংপুরের মেয়েরা।

জিসান জাদুতে ছেলেদের সেরা সিলেট

ছেলেদের ফাইনালের শুরু থেকেই আধিপত্য বিস্তার করে খেলতে দেখা যায় সিলেটকে। আক্রমণাত্মক ফুটবলে প্রতিপক্ষ ময়মনসিংহকে ব্যস্ত রাখে দলটির দ্রুতগতির ফুটবলাররা। তবে কোনোভাবেই গোলের দেখা পাচ্ছিল না তারা। শুরুর কিছুক্ষণ দু'দল সমানতালে খেললেও পরে আর সিলেটের ক্রমাগত চাপের সঙ্গে পেরে ওঠেনি ময়মনসিংহ। তাই কোনোমতে ম্যাচটা টাইব্রেকারে নিতে চেয়েছিল তারা। তবে শেষ মুহূর্তে আরমান খান জিসানের অসাধারণ গোল সিলেট এনে দেয় কাঙ্ক্ষিত জয়।

ম্যাচের তৃতীয় মিনিটে বক্সের ভেতরে গোলের সুযোগ তৈরি করেছিল ময়মনসিংহ। তবে সিলেটের রক্ষণদুর্গ ভেদ করতে পারেনি। এক মিনিট পর সিলেটের প্রতি আক্রমণ ঠেকায় ময়মনসিংহ। ষষ্ঠ মিনিটে লিডের কাছে চলে গিয়েছিল সিলেট। তবে বাঁ দিকে ঝাঁপিয়ে পড়ে বলটি আটকান ময়মনসিংহের গোলরক্ষক।

দ্বিতীয়ার্ধে মাঝমাঠ নিয়ন্ত্রণে রেখে পরিকল্পিত আক্রমণ করে গেছে সিলেট। দলটির আক্রমণভাগের নেতৃত্ব দেন আরাফাত রাফি। এই মিডফিল্ডার বেশ ক'বার দূরপাল্লার শটে পরীক্ষা নিতে চেয়েছে ময়মনসিংহ কিপারের। ম্যাচের ৬৯ মিনিটে রাফির দূর থেকে নেওয়া ডান পায়ের শট একটুর জন্য লক্ষ্যে থাকেনি। তবে পরের মুহূর্তেই বক্সের ডান দিকের অনেক বাইরে থেকে আরমান খান জিসানের ডান পায়ের শট ময়মনসিংহ কিপারকে ফাঁকি দিয়ে দ্বিতীয় পোস্ট দিয়ে জাল খুঁজে নিলে সিলেট এগিয়ে যায়। বাকি সময়টা ময়মনসিংহের কয়েকটি ভালো সুযোগ রুখে দিয়ে ১-০ জয়ে সেরা সিলেট।

একপেশে জয়ে সেরা রংপুরের মেয়েরা

ফারিহার প্রচেষ্টায় ফাইনালে এসে আলোচনায় ছিল রাজশাহীর ফুটবল দলটি। তবে ফাইনালে নিজেদের স্বাভাবিক ফুটবলাই ভুলে গেছে তারা। রংপুরের কৌশলের কাছে পাত্তাই পায়নি তারা। মাত্র দশ মিনিটেই দুই গোলে এগিয়ে যাওয়া রংপুর শেষ পর্যন্ত ম্যাচটা জিতেছে ৪-০ ব্যবধানে।

ম্যাচের অষ্টম মিনিটেই লিড নেয় রংপুর। ডি-বক্সের ভেতরে জটলায় বল ক্লিয়ার করতে চেয়েছিলেন ময়মন-সিংহের গোলরক্ষক মোসাম্মৎ মিষ্টি আক্তার। তবে আক্রমণে ওঠা স্মৃতি কিসকুর শরীরে লেগে সেই বল জালে জড়ালে পিছিয়ে যায় ময়মনসিংহ। দুই মিনিট পর কর্নার থেকে হেডে নিজের ও দলের গোল সংখ্যা বাড়ান স্মৃতি কিসকু।

বিরতির ঠিক আগে তন্বী আক্তারের সুযোগ সন্ধানী গোলে স্কোর লাইন ৩-০ হয়। বাঁ দিক থেকে কিসকুর ক্রস প্রতিপক্ষের এক ডিফেন্ডার ঠিকঠাক ক্লিয়ার করতে পারেননি। বল পেয়ে দ্রুত জাল খুঁজে নেন তন্বী। আর ৫২ মিনিটে ম্যাচের শেষ গোলটি করেন সুমাইয়া আক্তার। ছোট ডি-বক্স থেকে রাজশাহীর এক ডিফেন্ডারের ক্লিয়ারেন্স পেয়ে ডান পায়ের প্লেসিং শটে গোল করে রংপুরকে চ্যাম্পিয়ন করতে ভূমিকা রাখেন সুমাইয়া।





বহু বছর পর, নির্দিষ্ট করে বললে সময়টা ২৩ বছর, বাংলাদেশ দল অস্ট্রেলিয়ায় যাচ্ছে দুই টেস্টের সিরিজ খেলার জন্য।




কমনওয়েলথ গেমস

# হিটেই বাদ বাংলাদেশের দ্রুততম মানব ইমরানুর

## হতাশ করলেন জিনাত

ক্রীড়া প্রতিবেদক ঢাকা

কমনওয়েলথ গেমসে হতাশ করলেন বাংলাদেশের দ্রুততম মানব ইমরানুর রহমান। ১০০ মিটার স্প্রিন্টে হিট থেকেই বাদ পড়েছেন তিনি।

স্কটল্যান্ডের গ্লাসগোর স্কটস্টাউন স্টেডিয়ামে আজ ছেলেদের ১০০ মিটার স্প্রিন্টে নিজের হিটে ছয়জনের মধ্যে তৃতীয় হয়েছেন ইমরানুর। সব মিলিয়ে অংশ নেওয়া মোট ৭৩ জন স্প্রিন্টারের মধ্যে তিনি হয়েছেন ২৭তম। ইমরানুরের শুরুটা ভালোই ছিল, কিছুটা সময় সবার চেয়ে এগিয়েও ছিলেন। দৌড় শেষ করতে ইমরানুরের সময় লেগেছে ১০.৩৯ সেকেন্ড। ?অথচ তাঁর ক্যারিয়ারসেরা সময় ছিল ১০.১১ সেকেন্ড, যা তিনি ২০২৩ সালে লন্ডনে অনুষ্ঠিত নিউহ্যাম অ্যান্ড এসেক্স বিগলস আউটডোর সিরিজে গড়েছিলেন। ১০০ মিটার স্প্রিন্টে প্রথম ১৭ জন অ্যাথলেট সেমিফাইনালের টিকিট নিশ্চিত করেছেন। ১০.২৪ সেকেন্ড সময় নিয়েছেন ১৬তম ও ১৭তম হওয়া অস্ট্রেলিয়ার রোজান ব্রাউনিং ও বার্বাডোজের কুরন গ্রিফিথ। বাংলাদেশের ট্র্যাক অ্যান্ড ফিল্ডের ইতিহাসের দিকে তাকালে এখন পর্যন্ত ইমরানুরের সবচেয়ে বড় সাফল্য এসেছে ২০২৩ এশিয়ান ইনডোর অ্যাথলেটিকস চ্যাম্পিয়নশিপে। যেখানে ৬০ মিটার স্প্রিন্টে অসাধারণ পারফর্ম করে তিনি দেশের জন্য সোনা জিতেছিলেন। চলতি কমনওয়েলথ গেমসে এখন পর্যন্ত বাংলাদেশের কোনো অ্যাথলেটই পদকের লড়াইয়ে নিজেদের নাম লেখাতে পারেননি। তবে রিংয়ে কিছুটা প্রত্যাশার আলো ছড়াচ্ছেন বক্সার রাকিব হোসেন। ইতিমধ্যে তিনি ৫৫ কেজি ওজন শ্রেণিতে কোয়ার্টার ফাইনালে পৌঁছে গেছেন। ?গত বৃহস্পতিবার জাঁকজমকপূর্ণ আয়োজনের মধ্য দিয়ে পর্দা উঠেছে ২৩তম কমনওয়েলথ গেমসের। আন্তর্জাতিক ক্রীড়ার এই বৃহৎ আসরে বাংলাদেশ এবার অ্যাথলেটিকস, সাঁতার, বক্সিং ও জিমন্যাস্টিকসড়এই চার ডিসিপ্লিনে নিজেদের প্রতিনিধিত্ব করছে। ?একইদিন মেয়েদের ৫১ কেজি ওজন শ্রেণির শেষ ষোলোতে আইরিশ বক্সার কেটলিন ফ্রায়ার্সের কাছে ৫-০ পয়েন্টে হেরেছেন যুক্তরাষ্ট্র প্রবাসী জিনাত ফেরদৌস।

# বার্সেলোনার দাপট কমাতে ১৬ বছর আগের ফর্মুলায় রিয়াল মাদ্রিদ

খেলা ডেস্ক

ইউরোপে রিয়াল মাদ্রিদই রাজা, চ্যাম্পিয়নস লিগের ট্রফি আছে রেকর্ড ১৫টি। স্পেনে লা লিগাও বেশি রিয়ালেরই। বার্সেলোনার চেয়ে সাতটি বেশি। তবে এই হিসাবটা দুই দলের শত বছরের সাফল্য মিলিয়ে। সাম্প্রতিক সময়ে বার্সেলোনাই বেশি এগিয়ে, বিশেষ করে ঘরোয়া ফুটবলে। লা লিগা, কোপা দেল রে ও স্প্যানিশ সুপার কাপড়এই তিন প্রতিযোগিতার গত দুই মৌসুমের ছয় ট্রফির পাঁচটিই জিতেছে বার্সা, রিয়ালের নেই একটিও। এবার কাতালান ক্লাবটির আধিপত্য ভাঙতে চায় ফ্লোরেন্তিনো পেরেজের দল। বেশি ট্রফি জেতার জন্য রিয়াল মাদ্রিদের বড় বিনিয়োগ নতুন কিছু নয়। তবে এবারের গ্রীষ্মকালীন দলবদলের বাজারে রিয়াল যা করছে, তা ফিরিয়ে আনছে ২০১০ সালের দৃশ্য। কাকতালীয় ঘটনা হচ্ছে সেবারের মতো এবারও বার্সেলোনার খেলোয়াড়ে ভরা দল নিয়ে বিশ্বকাপ জিতেছে স্পেন। তবে স্প্যানিশ সংবাদমাধ্যম এএস-এর বিশ্লেষণ, বর্তমান পরিস্থিতি এতটাই ২০১০ সালের মতো যে রিয়ালের উদ্যোগকে নিছক কাকতালীয় বলার সুযোগ নেই। তখনো বার্সেলোনা ছিল ইউরোপের সেরা ছন্দে থাকা দল। পেপ গার্দিওলার অধীনে ২০০৯ সালে ট্রেবল জয়ের পর ঘরোয়া ও মহাদেশীয় ফুটবলে প্রায় একচ্ছত্র আধিপত্য প্রতিষ্ঠা করেছিল বার্সা। লিওনেল মেসি নামের এক জাদুকরে ভর করে দলটি পরের কয়েক বছরও রাজত্ব করার ইঙ্গিত দিয়ে রেখেছে। ওই সময় রিয়াল প্রেসিডেন্ট ইন্টার মিলান থেকে জোসে মরিনিওকে কোচ করে মাদ্রিদে নিয়ে আসেন। পর্তুগিজ কোচকে দলে ভেড়াতে তখন ক্ষতিপূরণও গুনতে হয়েছিল। তবে পেরেজ তখন সাফল্য পেতে মরিয়া। দলবদলের বাজারেও ঢালতে শুরু করেন বড় বিনিয়োগ। বেনফিকা থেকে আনহেল দি মারিয়া, ভের্ডার ব্রেমেন থেকে বিশ্বকাপে আলো ছড়ানো মেসুত ওজিল, স্টুটগার্ট থেকে সামি খেদিরা এবং মরিনিওর সাবেক শিষ্য রিকার্দো কারভাহালকে দলে নেয় রিয়াল। সঙ্গে যোগ দেন সার্হিও কানালেস ও পেদ্রো লেওন। এর আগের গ্রীষ্মেই অবশ্য ক্রিস্টিয়ানো রোনালদো, কাকা, করিম বেনজেমা ও জাবি আলোনসোকে দলে এনে রেকর্ড অঙ্কের বিনিয়োগ করেছিল ক্লাবটি। ১৬ বছর পর সেই একই দৃশ্য যেন আবারও দেখা যাচ্ছে। মরিনিওকে আবারও সান্তিয়াগো বার্নাব্যুতে ফিরিয়ে এনেছেন পেরেজ।

